# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# ষষ্ঠ শ্রেণি

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
## শিল্প ও সংস্কৃতি
## ষষ্ঠ শ্রেণি

## সাধারণ নির্দেশনা

- মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরত্ব হবে ৭০%।

৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রুপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে। ।

৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিস্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।

৬. বিষয়শিক্ষকগণ নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৭. সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।

৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয় : শিল্প ও সংস্কৃতি

**ষষ্ঠ শ্রেণি**

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নাম | তত্ত্বীয় | ব্যবহারিক |
|---|---|---|---|
| ১. | স্বাধীনতা তুমি | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা দিবসের আলোকে আঁকা গান/ নাচ/ কবিতা/ ছড়া/ লেখা/আবৃতি করবে। |
| ২. | নব আনন্দে জাগো | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | গ্রীষ্মকালের দৃশ্য<br>পহেলা বৈশাখ উৎসবকে কেন্দ্র করে আঁকা/ গড়া/ গান/ নাচ/ কবিতা/ ছড়া/ লেখা কার্ড তৈরি |
| ৩. | আত্মার আত্মীয় | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | বিভিন্ন রেখা ও আকার ব্যবহার করে গাছ অংকন |
| ৪. | বৃষ্টির ধারায় বর্ষা আসে | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | বর্ষা প্রকৃতির ছবি আঁকবে বর্ষার গান, কবিতা, আবৃত্তি এবং পছন্দের গানের সাথে নাচের মুদ্রা |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| শ্রেণির কাজ (একক, দলগত) | ১০ |
| বইয়ের কাজ (বইয়ের নির্ধারিত স্থানে লেখা/ছক/ছবি/) | ১০ |
| বাড়ির কাজ (শিক্ষক নির্দেশিকা অনুসারে) | ১০ |
| মোট | ৩০ |

**(ii) সামষ্টিক মূল্যায়ন** (অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০)

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| **ব্যবহারিক অংশ** | | | ৩ ঘন্টা |
| চারুকলা/ সংগীত / নৃত্য / অভিনয় / যন্ত্র সংগীত যেকোন একটি বিভাগের ব্যবহারিক কাজ | ১ | ১×২০=২০ | |
| বন্ধুখাতা | ১ | ১×১৫=১৫ | |
| **তত্ত্বীয় অংশ** | | | |
| এক কথায় প্রকাশ | ১৫ | ১×১৫=১৫ | |
| সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | ৪ | ৫×৪=২০ | |
| ছবি দেখে লেখো | ১ | ১০×১=১০ | |
| রচনামূলক উত্তরের প্রশ্ন | ২ | ১০×২=২০ | |
| মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# বার্ষিক পরীক্ষা ২০২৪

শিল্প ও সংস্কৃতি

ষষ্ঠ শ্রেণির নমুনা প্রশ্নপত্র

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

(ডান পাশে প্রশ্নের জন্য নির্ধারিত নম্বর উল্লেখ করা হয়েছে)

**তত্ত্বীয় অংশ (ক বিভাগ)** **মোট নম্বর ৬৫**

**১. এক কথায় উত্তর দাও/অতি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে)**

**১৫X১= ১৫**

ক) জাতীয় স্মৃতিসৌধের স্থপতির নাম লিখ।

খ) 'আমার ভাইয়ের রক্তে রাঙানো...' গানটির রচয়িতা কে?

গ) তোমার এলাকায় ২টি লোকশিল্পের নাম লেখো।

ঘ) মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?

ঙ) লোকশিল্পকে আমাদের সংস্কৃতির কিসের সাথে তুলনা করা হয়েছে?

চ) পরিবেশন কলার অন্তর্গত দুইটি শাখার নাম লিখ।

ছ) ছবি আঁকার ক্ষেত্রে বস্তুর ত্রিমাত্রিক রূপকে কী বলে?

জ) গান,বাজনা আর নাচ এই তিনের সমাহারকে কী বলে?

ঝ) দেহের কোন ভঙ্গীর মাধ্যমে নাচে অনুভূতির প্রকাশ করা হয়?

ঞ) রঙের উৎস কী?

ট) ছবিতে হালকা রং দিয়ে কী ফুটিয়ে তোলা হয়?

ঠ) বস্তুর পৃষ্ঠের গুণমানকে কী বলে?

ড) পরিবারে আমাদের আত্মার আত্মীয় কারা?

ঢ) নাচের দুইটি উপাদানের নাম লিখ?

ণ) সব বর্ণ বা রং মিলে কোন রং তৈরি হয়।

**অতি সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

অতি সংক্ষিপ্ত প্রশ্ন মূল্যায়নের ক্ষেত্রে সঠিক শব্দ বা শব্দগুচ্ছ এসেছে কিনা লক্ষ রাখতে হবে।

**উত্তর মালা: ক** - সৈয়দ মাইনুল হোসেন, **খ**- আবদুল গাফফার চৌধুরী, **গ**- মাটির হাঁড়ি,পাটের শিকা. **ঘ**- ১১টি, **ঙ**- শিকড়ের সাথে, **চ**- সংগীত, অভিনয়, **ছ**- গড়ন, **জ**- সংগীত, **ঝ**- মুখভঙ্গির মাধ্যমে, **ঞ**- আলো, **ট**- আলো, **ঠ**- বুনট, **ড**- মা,বাবা,ভাই,বোন,পোষা প্রাণী, **ঢ**- মুদ্রা,পোশাক,**ণ**- কালো।

**২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন** (যে কোনো ৪ টি) **৪X৫=২০**

(ক) বাবুই পাখিকে তাতিঁপাখি বলা হয় কেন?

(খ) শিল্পকলা কাকে বলে?

(গ) শহিদ মিনার কেন তৈরি করা হয়েছিল?

(ঘ) ছবি আঁকার ক্ষেত্রে পরিসর কী?

(ঙ) মিশ্র রঙ কাকে বলে?

**সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বাবুই পাখির বাসা তৈরির স্থান উল্লেখ করতে পারলে | ২ | |
| দক্ষ তাতীর কাজের সাথে তুলনা করলে | ৩ | |

**৩. ছবি দেখে লেখো। (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) ১০X১=১০**



উপরের ছবি দেখে যা মনে হচ্ছে নিজের ভাষায় লেখো।

** ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) এর জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| ছবির বিষয়বস্তু সঠিকভাবে পর্যবেক্ষণ করে লেখা | ২ | |
| বর্ণনায় নিজস্ব কল্পনার উপস্থিতি | ৩ | |
| উপস্থাপনার মধ্যে সৃজনশীলতা | ৩ | |
| ছবিটি সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারা | ২ | |

নোট:

-  শিক্ষক প্রশ্নে এমন একটি ছবি তুলে দেবেন যাতে শিক্ষার্থীরা কল্পনা করে লেখার সুযোগ পায়।
-  ছবিগুলোতে বিভিন্ন অবজেক্ট যথেষ্ট বড়ো থাকবে যাতে শিক্ষার্থীরা ভালো করে বুঝতে পারে।
- এমন ছবি নির্বাচন করবেন যা ফটোকপি করলেও স্পষ্ট বোঝা যায়।

**৪. রচনামূলক উত্তর প্রশ্ন** **১০X২=২০**

(যে কোনো ২ টি)

ক) স্মৃতি সৌধের সাতটি স্তম্ভ স্বাধীনতা সংগ্রামের কোন কোন পর্যায়কে নির্দেশ করেছে, বর্ণনা কর।

খ) শিল্পকলা বলতে কী বোঝ? শিল্পকলার শাখাগুলোকে কেন হরেক রকম পাখির সঙ্গে তুলনা করা হয়েছে?

গ) ছবি আঁকার ক্ষেত্রে মূল উপাদান গুলো কী কী? যেকোনো দুটি উপাদান সম্পর্কে আলোচনা কর।

ঘ) বর্ষাকালে প্রকৃতিতে কী কী পরিবর্তন তুমি লক্ষ্য করেছো, ১০ টি বাক্যে লিখো।

** রচনামূলক প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুব্রিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুব্রিক্স নিচে দেওয়া হলো।

নমূনা প্রশ্ন: স্মৃতি সৌধের সাতটি স্তম্ভ স্বাধীনতা সংগ্রামের কোন কোন পর্যায়কে নির্দেশ করেছে, বর্ণনা কর।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| | ১ | |
| কাদের সম্মানে জাতীয় স্মৃতিসৌধ তৈরি হয়েছিল | ১ | |
| সংগ্রামের পর্যায়গুলোর সন  উল্লেখ করতে পারা | ৩ | |
| সংগ্রামের পর্যায়গুলোর নাম উল্লেখ করতে পারা | ৩ | |
| স্মৃতিসৌধের স্থাপত্যশৈলীর বর্ণনা দিতে পারলে | ২ | |

## ব্যবহারিক অংশ (খ বিভাগ) মোট নম্বর - ৩৫

১. বন্ধুখাতা প্রদর্শন ১৫

২. যেকোনো একটি কাজ/ কার্যক্রম করে দেখাও- ২০

পহেলা বৈশাখ উৎসবকে কেন্দ্র করে আঁকা/ গড়া/ গান/ নাচ/ কবিতা/ ছড়া/ লেখা কার্ড তৈরি।

**বন্ধুখাতা প্রদর্শন**

পরীক্ষার সময় শিক্ষার্থীদের বন্ধুখাতা নিয়ে আসতে বলতে হবে।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| নিজের সৃজনশীলতা প্রয়োগ করে বন্ধুখাতা তৈরি | ৫ | |
| সিলেবাস অনুসারে পাঠ্যপুস্তকে নির্দেশিত সকল কাজ সম্পাদন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |
| অধিকতর অনুশীলন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |

**ব্যবহারিক কাজ মূল্যায়নে করণীয় বা রুব্রিক্স**

ছবি আঁকার ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বিষয়বস্তুগুলো সঠিক আকার ও আকৃতিতে আঁকা হয়েছে কিনা সেটি বিবেচনায় আনতে হবে | ৫ | পরিপ্রেক্ষিতের সঙ্গেও এটি সম্পৃক্ত |
| ছবির বিষয়বস্তুর সজ্জা বা কম্পোজিশন সঠিক হয়েছে কিনা; অর্থাৎ কাগজের অনুপাতে বিষয়বস্তুগুলো সঠিক আকারে এবং সঠিক স্থানে আছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |
| পরিপ্রেক্ষিতের বা দূরত্ব ও অনুপাতের ব্যবহার করেছে কিনা; অর্থাৎ দূরের বস্তু ছোট এবং কাছের বস্তু বড়ো দেখানো হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | আকার ও আকৃতির সঙ্গেও এটি সম্পৃক্ত |
| রং/ আলোছায়ার সঠিক ব্যবহার হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |

সংগীত ও নৃত্যের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ/ নাচের মুদ্রা | ৫ | |
| তাল ও লয় | ১০ | |
| সুর/ ভাবরস (এক্সপ্রেশন) | ৫ | |

অভিনয়ের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সঠিকভাবে চরিত্রের রূপায়ন | ১০ | |
| উচ্চারণ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ৫ | |

আবৃত্তির ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ | ৫ | |
| লয়, ছন্দ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ১০ | |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: বাংলা

## শ্রেণি : ষষ্ঠ

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রমিক নম্বর | অধ্যায় | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | প্রথম | মর্যাদা বজায় রেখে যোগাযোগ করি | ১-৮ |
| ২ | দ্বিতীয় | প্রমিত ভাষা শিখি | ৯-১৯ |
| ৩ | তৃতীয় | অর্থ বুঝে বাক্য লিখি | ২০-৫৪ |
| ৪ | চতুর্থ | চারপাশের লেখার সাথে পরিচিত হই | ৫৫-৬১ |
| ৫ | পঞ্চম | বুঝে পড়ি লিখতে শিখি | ৬২-৬৫, ৭১-৭৬ |
| ৬ | ষষ্ঠ | সাহিত্য পড়ি লিখতে শিখি | ৮৯-১০২, ১২০-১২৮ |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) সামষ্টিক মূল্যায়ন**

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যত্তিক প্রশ্ন (১৫টি এমসিকিউ ও ১০টি এক কথায় উত্তর) | ২৫ | ১×২৫=২৫ | ৩ ঘন্টা |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (১০টি থেকে ১০টির উত্তর দিতে হবে) | ১০ | ২×১০ =২০ | |

| | | | |
|---|---|---|---|
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situational) (৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে।) | ৩ | ৫×৩ =১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) (৭টি থেকে ৫টির উত্তর দিতে হবে।)<br>Essay type question (situational)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | ৫ | ৮×৫ =৪০ | |
| | মোট | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

### (ii) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work)-একটি করে নমুনা সহ | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) - একটি করে নমুনা সহ | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - একটি করে নমুনা সহ | ১০ |
| মোট | ৩০ |

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন।কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন

ষষ্ঠ শ্রেণি

বিষয়ঃ বাংলা

**নৈর্ব্যক্তিক অভীক্ষা+ রচনামূলক**

সময়- ৩ ঘণ্টা ; পূর্ণমান– ১০০

---

**নৈর্ব্যক্তিক অংশ**

**মান-২৫**

[বিশেষ দ্রষ্টব্যঃ বহুনির্বাচনি অভীক্ষার সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (১-১৫) এবং এক শব্দে/এক বাক্যে উত্তর লেখো (১৬-২৫)। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। সব অঞ্চলের মানুষের সহজে বোঝার জন্য ভাষার একটি রূপ নির্দিষ্ট হয়েছে, তাকে কী বলে?

ক. আঞ্চলিক ভাষা　　খ. প্রমিত ভাষা

গ. কথ্য ভাষা　　ঘ. সাধু ভাষা

২। কোন লোকশিল্পটি একটি মৌলিক বৈশিষ্ট্যের পরিচায়ক?

ক. শীতলপাটির নকশা　　খ. নকশিকাঁথা

গ. মসলিন　　ঘ. পোড়ামাটির কাজ

৩। কাজী নজরুল ইসলাম ১১ই জ্যৈষ্ঠ ১৩০৬ সালে (২৪শে মে ১৮৯৯) ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

– অনুচ্ছেদটি কোন ধরনের লেখার বৈশিষ্ট্যকে ধারন করে?

ক. প্রায়োগিক　　খ. বিবরণমূলক

গ. তথ্যমূলক　　ঘ. বিশ্লেষণমূলক

নিচের কবিতাংশটি পড়ে পরবর্তী প্রশ্ন দুটির উত্তর দাও।

‘কেমন করে বীর ডুবুরী সিন্ধু সেঁচে মুক্তা আনে,
কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গ পানে।’

৪। কবিতাংশের সাথে নিচের কোন কবিতার ভাবগত মিল রয়েছে?

ক. আমার বাড়ি　　খ. আমি সাগর পাড়ি দেবো

গ. বাঁচতে দাও　　ঘ. চিঠি বিলি

৫। ভাবগত মিলটি হলো–

ক. সাহসিকতা ও বিশ্বাস খ. প্রতিকুলতা ও তারুণ্য

গ. প্রকৃতি ও দেশপ্রেম ঘ. দেশপ্রেম ও তারুণ্য

৬। কারো কথা সরাসরি বোঝাতে কোন যতিচিহ্নের ব্যবহার হয়?

ক. কোলন খ. ড্যাস

গ. সেমিকোলন ঘ. উদ্ধারচিহ্ন

৭। 'কুমার' শব্দের প্রতিশব্দ কোনটি?

ক. পুত্র খ. পাথার

গ. তপন ঘ. সলিল

৮। 'ছেলেটি ধীরে ধীরে যায় আর ফিরে ফিরে তাকায়' – এ বাক্যে 'ফিরে ফিরে' কীসের উদাহরণ?

ক. যোজক খ বিশেষণ

গ. আবেগ ঘ. ক্রিয়া বিশেষণ

৯। কোনটি বিবৃতিবাচক বাক্যের উদাহরণ?

ক. আমার তো কোনো জামা নেই ভাই! খ. তুমি তাহলে সত্যিই সুখী মানুষ!

গ. আমরা খুব দুঃখী মানুষ। ঘ. মিছে কথা বোলো না।

১০।

| বিশ্ব পরিবেশ দিবস- ২০২৪<br>এ বছরের প্রতিপাদ্য<br>'করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা<br>অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা।' |
|---|

–উপরের লেখাটি চারপাশের কোন বিষয়ের সাথে মিল রয়েছে?

ক. সাইনবোর্ড খ. ব্যানার

গ. পোস্টার ঘ. বিজ্ঞাপন

১১। 'রোকেয়া সাখাওয়াত হোসেন' রচনায় 'নারীমুক্তি' বলতে বোঝানো হয়েছে–

ক. নারীর স্বাধীনতা খ. নারী অধিকার

গ. নারীর সক্ষমতা ঘ. পুরুষ ও নারীর সমতা

১২। 'দেশে দেশে দেয়াল গাঁথা রাখবো নাকো আর,'- বলতে কবি কী বুঝিয়েছেন?

ক. অহংকার দূর করবে খ. সাম্রাজ্য গড়ে তুলবে

গ. বিভেদ সৃষ্টি করবে ঘ. সম্প্রীতি গড়ে তুলবে

১৩। কোনটি প্রমিত ভাষার উদাহরণ?

ক. গেছে দেশের বাইরে খ. চোখ গেছে তার ঝলসে

গ. আসুক এবার বর্ষা ঘ. লিখছে বিলের খলসে

১৪। হাইফেন(-) কখন ব্যবহার করা হয়?

ক. একটু বিরতি বোঝাতে　　খ. উদাহরণ উপস্থাপনে

গ. দুটি শব্দকে এক করতে　　ঘ. বিভিন্ন আবেগ বোঝাতে

১৫।　'চেষ্টা করো, অনুষ্ঠানে সবাই যেন উপস্থিত থাকে।' - কোন বাক্যের উদাহরণ?

ক. বিবৃতিবাচক　　খ. প্রশ্নবাচক

গ. অনুজ্ঞাবাচক　　ঘ. আবেগবাচক

১৬। 'বাঁচতে দাও' কবিতাটি কবির কোন কবিতার বই থেকে নেওয়া হয়েছে?

১৭। বেগম রোকেয়ার প্রথম রচনার নাম কী?

১৮। কোন লোকশিল্প আমাদের দেশের মেয়েদের সহজাত শিল্পগুণ?

১৯। 'অত্যাচারী' শব্দের সঠিক উচ্চারণ লেখো।

২০। তিনি অনেক বড়ো মনের মানুষ- এ বাক্যে 'বড়ো' শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?

২১। শাবাশ! বাংলাদেশ। - এ বাক্যে 'শাবাশ' শব্দটি কোন শ্রেণির?

২২। 'রোদে জলে টিকে রং, পাকা কই তাহারে'- এ চরণে 'পাকা' শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?

২৩। 'ভোজন' শব্দটি কোন শ্রেণির?

২৪। ঘনিষ্ঠ সম্পর্ক আছে এমন দুটি বাক্যের মাঝখানে কোন যতিচিহ্ন বসে?

২৫। 'জীবনগাথা' শব্দের অর্থ কী?

## রচনামূলক অংশ

### মান-৭৫

[ ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১।　লোকশিল্প সংরক্ষণ ও সম্প্রসারণের দায়িত্ব আমাদের সকলের। - কেন?　২

২।　'বলব মাকে, ভয় কী গো মা, বাণিজ্যেতে যাই!'- বলতে কবি কী বুঝিয়েছেন?　২

৩।　কবি সবাইকে আজ বাঁচতে দিতে বলেছেন কেন?　২

৪।　বর্ষা মৌসুম নকশিকাঁথা সেলাইয়ের উপযুক্ত সময়- কেন?　২

৫।　'মৌরি ফুলের গন্ধ শুঁকে

থামিও তব রথ।'- বলতে কবি কী বুঝিয়েছেন?　২

৬।　'ময়ূরপঙ্খি বজরা আমার 'লাল বাওটা' তুলে' – বলতে কবি কী বুঝিয়েছেন?　২

৭। খাদি কাপড়ের বিশেষত্ব কী? ২

৮। 'সারাটা দিন তোমায় লয়ে

করব আমি খেলা।' - বলতে কবি কী বুঝিয়েছেন? ২

৯। 'রোকেয়া সাখাওয়াত হোসেন একজন অসাধারণ নারী।'- কেন? ২

১০। মুখ্য অর্থ ও গৌণ অর্থের সংজ্ঞা দাও। ২

**রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)**

**যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও।**

১১। নীল-সাদা স্কুল ড্রেস পরে কয়েকজন শিক্ষার্থী স্কুল থেকে ফিরছিল। মেঠো পথের দুপাশে সবুজ ধানখেত। হঠাৎ সামনের একজন থমকে দাঁড়ালো। সে বলল, 'দ্যাখ দ্যাখ, কী সুন্দর একটা পাখি উড়ে যাচ্ছে!'

-অনুচ্ছেদ থেকে একটি করে বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া ও আবেগসূচক শব্দ লেখো। ৫

১২। যে কোনো ৫টি যতিচিহ্নের নাম লিখে বাক্যে প্রয়োগ দেখাও। ৫

১৩। নিচের শব্দগুলোর একটি করে প্রতিশব্দ লেখো। ৫

কানন, সিন্ধু, হাত, অদ্রি, বহ্নি

১৪। মনে করো, তুমি ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে তিন দিন ব্যাপী একটি 'বইমেলা'র আয়োজন করা হয়েছে। উক্ত মেলার উদ্বোধনী অনুষ্ঠানের জন্য একটি আমন্ত্রণপত্র তৈরি করো। ৫

১৫। ষষ্ঠ শ্রেণিতে প্রথম দিনের স্কুলের অভিজ্ঞতা তোমার নিশ্চয় মনে আছে? ঐ দিনের বা অনুরূপ অন্য যেকোনো একদিনের ঘটনা নিয়ে রোজনামচা রচনা করো। ৫

**রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)**

**যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।**

১৬। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

" আসমানিরে দেখতে যদি তোমরা সবে চাও,
রহিমদ্দির ছোট্ট বাড়ি রসুলপুরে যাও।
বাড়ি তো নয় পাখির বাসা–ভেন্না পাতার ছানি,
একটুখানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি।
একটুখানি হাওয়া দিলেই ঘর নড়বড় করে,
তারি তলে আসমানিরা থাকে বছর ভরে। "

ক. উপরের কবিতাংশের সাথে তোমার জীবনের বা চারপাশের যে সম্পর্কের মিল পাওয়া যায় তা ব্যাখ্যা করো। ৪

খ. উপরের কবিতাংশে কবিতার বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে কি? তোমার যৌক্তিক মত উপস্থাপন করো। ৪

১৭। নিচের অনুচ্ছেদটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর লিখো।

মাদার তেরেসা ভালোবাসা দিয়ে মানুষের জীবনকে শান্তিময় করার জন্য কাজ করে গিয়েছেন। সেবাকাজে মানুষকেই সবচেয়ে বড় করে দেখেছিলেন তিনি। ধর্মের ফারাক, দেশের ভিন্নতা, জাতির পার্থক্য তিনি কখনও বিবেচনায় নেননি। যেখানে রোগ, দুঃখ, দারিদ্র্য, অসহায়তা, প্রাকৃতিক দুর্যোগ সেখানেই মাদার তেরেসা তাঁর সেবার হাত বাড়িয়ে দিয়েছেন। তাই সব দেশের সব ধর্মের মানুষের ভালোবাসা পেয়েছেন তিনি।

ক. অনুচ্ছেদে মাদার তেরেসা ও 'রোকেয়া সাখাওয়াত হোসেন' রচনার 'রোকেয়া' যে দিক থেকে সমান্তরাল তা ব্যাখ্যা করো। ৪

খ. অনুচ্ছেদের 'মাদার তেরেসা' ও 'রোকেয়া' দু'জনই ভিন্ন ভিন্ন অনন্য মানুষ- মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১৮। নিচের অনুচ্ছেদটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর লিখো।

নদী পার হয়ে, ওপারে কুমোরদের একটা গ্রামের ভেতরে সারাদিন দেখছি ওদের মাটির কাজ। হাঁড়ি পাতিল সরা সানকি তৈরি করছে ওরা। বেশি কৌতুহল নিয়ে দেখেছি পাটার কাজ। মাটির পাটায় ফুলের নকশা, রবীন্দ্রনাথ, বেণীবন্ধনরত যুবতীর চিত্র, জয়নুলের আঁকা গরুর চাকা ঠেলে তোলার প্রতিলিপি, উড়ন্ত পরি, ময়ূরপঙ্খি নৌকোর চিত্র, চোখ বুজে নজরুল যে বাঁশি বাজাচ্ছেন, সেই ফটোগ্রাফের নকল। বাঁশবনে আচ্ছন্ন শীতল একটি গ্রামে, অবিশ্বাস্য ঝিম ধরা নীরবতার ভেতরে, সবুজ শ্যাওলা ধরা কুমোরদের প্রাঙ্গণে সার দিয়ে সাজানো রবীন্দ্র, নজরুল, জয়নুল।

আজকাল এগুলোর বিক্রি ভালো। সস্তায় ঘরের দেয়াল সাজাবার জন্যে অনেকেই কেনে। একেকটা চিত্রের জন্যে কাঠের ওপর খোদাই করা নকশা আছে। তার ওপর কাদার তাল টিপে টিপে পাটা তৈরি করছে ওরা। কাদার তালে ফুটে ওঠছে নকশা। বাঁশের কলম দিয়ে সংশোধন করে পাটাগুলো ভাঁটিতে পোড়াবার জন্যে তৈরি করা হচ্ছে।

ক. অনুচ্ছেদে 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের যে মিল/অমিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

খ. অনুচ্ছেদে প্রবন্ধের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে কি? তোমার যৌক্তিক মত দাও। ৪

১৯। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

'চলে যাব-তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ
প্রাণপণে পৃথিবীর সরাবো জঞ্জাল,
এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাব আমি–
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।'

ক. উপরের কবিতাংশে 'বাঁচতে দাও' কবিতার কবির যে আহ্বান উপস্থিত তা ব্যাখ্যা করো। ৪

খ. উপরের কবিতাংশের মূলভাব এবং ‘বাঁচতে দাও’ কবিতার মূলভাব সমার্থক বলা যায় কি? যৌক্তিক মত উপস্থাপন করো। ৪

২০। মনে করো, তোমার বিদ্যালয় সম্পর্কে একটি লেখা প্রস্তুতের জন্য সহপাঠীরা ছকে বর্ণিত বিষয়গুলো নির্ধারণ করলো।

**‘ছক’**

| বিদ্যালয়ের নাম | অবস্থান ও কাঠামো | প্রতিষ্ঠার ইতিহাস | বর্তমান শিক্ষক-শিক্ষার্থী | শ্রেণিকক্ষ ও গ্রন্থাগার | বিভিন্ন কর্মকাণ্ড | অর্জন ও কৃতিত্ব |
|---|---|---|---|---|---|---|

ক. ছকে বর্ণিত বিষয়গুলো নিয়ে একটি লেখা প্রস্তুত করো। ৪

খ. তুমি যে লেখাটি প্রস্তুত করেছো তার ধরন চিহ্নিত করে মতামত দাও। ৪

নমুনা উত্তর

ষষ্ঠ শ্রেণি

বিষয়ঃ বাংলা

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ:

- পরীক্ষার্থীর উত্তর নমুনা উত্তরের হুবুহু চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।
- প্রদত্ত নমুনা উত্তরের কোন বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।
- উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই স্বাভাবিক।
- পরীক্ষার্থী প্রত্যাশিত স্তর অনুযায়ী লিখতে পারলে ঐ স্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। সেজন্য ১/২(অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরঃ

১। খ. প্রমিত ভাষা

২। ক. শীতলপাটির নকশা

৩। গ. তথ্যমূলক

৪। খ. আমি সাগর পাড়ি দেবো

৫। ক. সাহসিকতা ও বিশ্বাস

৬। ঘ. উদ্ধারচিহ্ন

৭। ক. পুত্র

৮। ঘ. ক্রিয়া বিশেষণ

৯। গ. আমরা খুব দুঃখী মানুষ।

১০। খ. ব্যানার

১১। ক. নারীর স্বাধীনতা

১২। খ. সাম্রাজ্য গড়ে তুলবে

১৩। গ. আসুক এবার বর্ষা

১৪। গ. দুটি শব্দকে এক করতে

১৫। গ. অনুজ্ঞাবাচক

১৬। রংধনুর সাঁকো

১৭। পিপাসা

১৮। কাপড়ের পুতুল তৈরি করা

১৯। ওত্তাচারি

২০। উদার

২১। আবেগ

২২। স্থায়ী

২৩। বিশেষ্য

২৪। সেমিকোলন

২৫। জীবনের গল্প

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা

## শ্রেণি : ষষ্ঠ

(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা

**(খ) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস**

| অধ্যায় | অধ্যায়ের শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| দ্বিতীয় | ধর্মীয় উৎসব ও পূর্ণিমা | ৮-২২. |
| চতুর্থ | দান | ৩৮-৫৩ |
| সপ্তম | জাতক | ৭৮-৮৩ |
| নবম | তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান | ৯৫-১০৪ |
| দশম | সহাবস্থান: সকলে আমরা সকলের তরে | ১০৫-১১০ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| | | | |
|---|---|---|---|
| ১. | শিখনকালীন/ধারাবাহিক মূল্যায়ন | শ্রেণির কাজ, বাড়ির কাজ, শ্রেণি অভীক্ষা, অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, ফিল্ড ট্রিপ, তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বিষয়ক প্রতিবেদন ইত্যাদি। | ৩০ নম্বর |
| ২. | সামষ্টিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন এনসিটিবি কর্তৃক প্রণীত প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন অনুযায়ী ৩ ঘন্টা সময়সীমা মধ্যে ১০০ নম্বরের প্রশ্নসম্বলিত লিখিত উত্তরভিত্তিক হবে। ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ৭০% এ রূপান্তর করতে হবে। | ৭০ নম্বর |
| | | মোট = | ১০০ নম্বর |

**শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন** **মোট নম্বর-৩০**

| **আইটেমের নাম (Item type)** | **নমুনা** | **নির্ধারিত নম্বর** |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | শঙ্খজাতকের পড়ার পরে তোমার জীবনে করণীয় নির্ধারণ কর এবং এগুলো কীভাবে অর্জন করবে এ বিষয়ে একটি নিবন্ধ রচনা কর। | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (investigation, project proposal, report presentation) | তোমার মা-বাবা, শিক্ষক ও আত্মীয় স্বজন থেকে জেনে নাও তোমার এলাকায় কোন কোন তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান রয়েছে। তোমার প্রাপ্ত তথ্য ও পাঠ্যপুস্তকের আলোকে একটি প্রতিবেদন তৈরি করে শ্রেণিতে উপস্থাপন কর। | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | বুদ্ধ পূর্ণিমার ধর্মীয় ও সামাজিক গুরুত্বের প্রবাহচিত্র তৈরি করো। | ১০ |
| | **মোট** | **৩০** |

# সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**মোট নম্বর : ১০০** **প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন** **সময় : ৩ ঘণ্টা**

| প্রশ্নের ধারা | প্রশ্নের মান | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর |
|---|---|---|---|
| ক. বিভাগ : বহুনির্বাচনি প্রশ্ন | ১ | ১৫ | ১× ১৫ =১৫ |
| খ বিভাগ : অতি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ১ | ১০ | ১× ১০ =১০ |
| গ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ২ | ১০ | ২× ১০ =২০ |
| ঘ বিভাগ : রচনামূলক-উত্তর প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টির মধ্যে ৩ টির উত্তর করতে হবে। | ৫× ৩ =১৫ |
| ঙ বিভাগ : রচনামূলক -উত্তর প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতামূলক) | ৮ (৩+৫) | ৮টির মধ্যে ৫ টির উত্তর করতে হবে। | ৮× ৫ =৪০ |
| | | মোট | ১০০ |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# নমুনা প্রশ্ন
# বৌদ্ধধর্ম শিক্ষা
# ষষ্ঠ শ্রেণি

**এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবে নমুনা হুবুহ ব্যবহার করা যাবে না।**

পূর্ণমান : ১০০ সময় : ৩ঘন্টা

**ক বিভাগ: বহুনির্বাচনি প্রশ্ন** **১×১৫ = ১৫**

**নিচের প্রশ্নগুলোর সঠিক বা সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ:**

**১. গৌতম বুদ্ধ কোন পূর্ণিমায় বুদ্ধত্ব লাভ করেন?**
ক. বৈশাখী পূর্ণিমা
খ. আষাঢ়ী পূর্ণিমা
গ. মধু পূর্ণিমা
ঘ. মাঘী পূর্ণিমা

**২. সিদ্ধার্থ গৌতম কত বছর বয়সে গৃহত্যাগ করেন?**
ক. ২৯ বছর
খ. ৩১ বছর
গ. ৩৫ বছর
ঘ. ৪০ বছর

**৩. ‘বুদ্ধ’ কোথায় মহাপরিনির্বাণ লাভ করেন?**
ক. লুম্বিনী
খ. কুশীনগর
গ. শ্রাবস্তী
ঘ. বুদ্ধগয়া

**৪. ‘বুদ্ধ’ কোন পূর্ণিমায় প্রথম ধর্ম প্রচার করেন?**
ক. মধু পূর্ণিমা
খ. মাঘী পূর্ণিমা
গ. আষাঢ়ী পূর্ণিমা
ঘ. শ্রাবণী পূর্ণিমা

**৫. তিনমাস বর্ষাবাস শেষে ভিক্ষুরা যে পরিশুদ্ধি অর্জন করেন তাকে কী বলে?**
ক. আরাধনা
খ. সাধনা
গ. শৃঙ্খলা
ঘ. প্রবারণা

**৬. কোন পারমী পূর্ণ করা ছাড়া নির্বাণ সম্ভব নয়?**
ক. দান পারমী
খ. শীল পারমী
গ. প্রজ্ঞা পারমী
ঘ. বীর্য পারমী

**৭. বৌদ্ধধর্মে দাতা কত প্রকার?**
ক. ২ প্রকার
খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার
ঘ. ৫ প্রকার

**৮. পারমী কত প্রকার?**
ক. ৬ প্রকার
খ. ৮ প্রকার
গ. ১০ প্রকার
ঘ. ১২ প্রকার

**৯. বারানসীর রাজা কে ছিলেন?**
ক. বিম্বিসার
খ. প্রসেনজিত
গ. অশোক
ঘ. ব্রহ্মাদত্ত

**১০. সারনাথ কোন নদীর তীরে অবস্থিত?**
ক. বরুনা নদী
খ. অনোমা নদী
গ. নৈরঞ্জনা নদী
ঘ. করতোয়া নদী

**১১. ময়নামতি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?**
ক. ঢাকা
খ. চট্টগ্রাম
গ. কুমিল্লা
ঘ. রাজশাহী

**১২. শালবন বিহারে ভিক্ষুদের বসবাসের জন্য কয়টি কক্ষ আছে?**
ক. ১১০টি
খ. ১১৫টি
গ. ১২০টি
ঘ. ১২৫টি

**১৩. বৌদ্ধধর্মে প্রথম ভিক্ষুসংঘ কতজন ভিক্ষু নিয়ে গঠিত হয়?**
ক. ৩০ জন
খ. ৪০ জন
গ. ৫০ জন
ঘ. ৬০ জন

**১৪. চারমুখ বিশিষ্ট সিংহমূর্তির উপরে ধর্মচক্রটি কোন দেশের জাতীয় পতাকায় স্থান করে নিয়েছে?**

ক. বাংলাদেশ

খ. ভারত

গ. নেপাল

ঘ. শ্রীলংকা

**১৫. কিসের মাধ্যমে মানুষের পরিচয় নির্ধারিত হয়?**

ক. কর্ম

খ. ধর্ম

গ. ধন-সম্পত্তি

ঘ. যশ-খ্যাতি

**খ বিভাগ : অতি সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **১×১০ =১০**

এক কথায়/অতি সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ:

১. বুদ্ধ পূর্ণিমাকে কোন সংস্থা 'বেশাখ ডে' ঘোষণা করে?
২. সিদ্ধার্থ গৌতম কোন পূর্ণিমায় মাতৃগর্ভে প্রতিসন্ধি গ্রহণ করেন?
৩. বুদ্ধের প্রথম ধর্ম প্রচার বৌদ্ধ সাহিত্যে কী নামে পরিচিত?
৪. কোন পূর্ণিমা তিথিতে বর্ষাবাস শুরু হয়?
৫. 'প্রতিগ্রাহক সম্পত্তি' বলতে কাকে বোঝায়?
৬. 'ধৈর্য ও বুদ্ধি দিয়ে বিপদের মোকাবিলা করতে হয়'- এটি কোন জাতকের উপদেশ?
৭. বৌদ্ধ তীর্থস্থান কী?
৮. শালবন বিহার কোথায় অবস্থিত?
৯. বুদ্ধের মতে জগতের সকল মানুষ কেমন?
১০. কুশল কর্ম মানুষকে কী করে?

**গ বিভাগ : সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **২×১০ =২০**

সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১. সিদ্ধার্থ নগর পরিভ্রমণে বের হয়ে যে নিমিত্ত দর্শন করেন সেগুলোর নাম লিখ।
২. বুদ্ধ প্রথম কাদের কাছে তাঁর নবলব্ধ ধর্ম প্রচার করেন? তাদের নাম লিখ।
৩. বৌদ্ধ ধর্মে কোন ধরনের দাতা প্রশংসার যোগ্য, তার সম্পর্কে লিখ।
৪. দানং তানং মনুস্সানং দানং দুগ্গতি বারনং
দানং সগ্গস্স সোপানং দানং সন্তি বারং পরং– এর বাংলা অর্থ লিখ।
৫. জাতক কোন নিকায়ের অন্তর্গত? শঙ্খ জাতকের উপদেশটি লিখ।
৬. বানরেন্দ্র জাতকের বোধিসত্ত্বরূপী বানরের গুণগুলো লিখ।
৭. মহাতীর্থ কয়টি ও কী কী?
৮. তীর্থস্থান দর্শন করলে কী হয়?
৯. ময়নামতিতে অবস্থিত উল্লেখযোগ্য বৌদ্ধ নিদর্শনগুলোর নাম লিখ।
১০. সহাবস্থান বলতে কী বুঝায়?

**ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন প্রশ্ন)**
**যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** **৫×৩ = ১৫**

১. নগর ভ্রমণে গিয়ে রাজকুমার সিদ্ধার্থের জীবনে কী পরিবর্তন হয়েছিল তা লিখ।
২. দানের সুফল পাঁচটি বাক্যে লিখ।
৩. আমরা বাড়িতে কী কী ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করে থাকি তার একটি তালিকা তৈরি করো।
৪. বুদ্ধের প্রথম ধর্ম প্রচারের স্থানের নামসহ পঞ্চবর্গীয় শিষ্যদের নাম লিখ।
৫. তীর্থস্থান দর্শনের গুরুত্ব ব্যাখ্যা কর।

**ঙ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)** **৮×৫ = ৪০**
**যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :**

১. শুভ্র বড়ুয়া পিতা-মাতার একমাত্র সন্তান। অনেক সাধনায় তারা এই সন্তান লাভ করেন। কিন্তু শুভ্রের যত বয়স হচ্ছে তত সেই চিন্তাশীল হয়ে পড়ছে। মাতা-পিতা উদ্বিগ্ন হয়ে দ্রুত তার বিয়ের ব্যবস্থা করলেন। বিয়ের পরেও শুভ্রের কোনো পরিবর্তন হয়নি। বরং গৃহত্যাগী হয়ে সন্ন্যাস ধর্ম গ্রহণের উদ্যোগী হলেন।

ক. তোমার পাঠ্য বইয়ের কোন চরিত্রের সাথে শুভ্রের চরিত্রের মিল খুঁজে পাওয়া যায় তা লিখ। ৩

খ. কুমার সিদ্ধার্থ কীভাবে জগতে গৌতম বুদ্ধ নামে খ্যাত হলো না তা ব্যাখ্যা কর। ৫

২. জিতু ও মিনা দুই ভাই বোন। মায়ের সাথে তারা বিহারের দিকে যাচ্ছে। হাতে নানা দানীয় সামগ্রী। রাস্তায় তাদের কাকাবাবুর সাথে দেখা হয়। তিনি বুদ্ধ পূর্ণিমার দিনে যথাসময়ে বিহারের উদ্দেশ্যে যাত্রা করার জন্য তাদের প্রশংসা করেন। তিনি তাদের আরো বলেন- বুদ্ধের জীবন ও শিক্ষা যত জানবে তত বেশি তোমাদের জীবন সুখের হবে।

ক. জিতু ও মিনা কেন বিহারে দিকে যাচ্ছে? ৩

খ. জীবন সুন্দর করতে জিতু ও মিনা বুদ্ধের কোন গুণটি অনুসরণ করতে পারে? ব্যাখ্যা কর। ৫

৩. শর্মিলার ঠাকুরমা অসুস্থ। আজ ডাক্তার দেখাতে গিয়েছিলেন তিনি। তাই দুপুরে যথাসময়ে ভাত খেতে পারেন নি। শেষ বেলা এসে যখন বাড়িতে খেতে বসল ঠিক তখনি এক ভিক্ষুক এসে দরজায় টোকা দিলেন। বলল দুই দিন ধরে সে কিছু খায়নি। এদিকে বাড়িতে ভাতের হাড়িতেও আর ভাত নেই। তখন ঠাকুরমা নিজের ভাতগুলো ভিক্ষুককে দিয়ে দিলেন। তিনি দু'চারটি বিস্কুট খেয়ে দিন পার করে দিলেন।

ক. শর্মিলার ঠাকুরমার দান কোন পর্যায়ের দাতার সাথে মিল আছে এবং কীভাবে? ৩

খ. দানে শর্মিলার ঠাকুরমার কী কী উপকার সাধিত হতে পারে তা লিখ। ৫

৪. শৈবাল তার মাকে নিয়ে সকালে বাড়ির রাস্তার মুখে দাঁড়িয়ে আছে। তাদের হাতে কিছু খাবার-দাবার আছে। কিছুক্ষণের মধ্যে চার-পাঁচজন ভিক্ষু আসলেন। শৈবাল ও তার মা তাদের অত্যন্ত শ্রদ্ধাভরে দান দিয়ে গভীর সন্তোষ প্রকাশ করল।

ক. 'পিন্ডাচরণ' বলতে কী বোঝায় লিখ। ৩

খ. বৌদ্ধ ভিক্ষুদের পিন্ডাচরণের জন্য শৈবাল প্রক্রিয়াগুলো অবলম্বন করবে তা ব্যাখ্যা কর। ৫

৫. বুদ্ধ তাঁর শিষ্য- প্রশিষ্যদের উপদেশ প্রদানকালে উদাহরণ হিসেবে বিভিন্ন জাতক বলতেন। জাতকের কাহিনি শুনে শিষ্য- প্রশিষ্যগণ আলোচ্য বিষয়কে সঠিকভাবে উপলদ্ধি করতে পারতেন এবং এগুলো শুনতে তাদের ভালোই লাগত। কারণ জাতকে নৈতিক ও মানবিক বহু বিষয় বর্ণিত হয়েছে। তাই আজও মানুষ গুরুত্বের সাথে জাতক পাঠ করে।

ক. বুদ্ধ তার শিষ্যদের উপদেশ দিতে কঅসের উদাহরণ দিতেন? ত্রিপিটকের কোন নিকায়ের সাথে এর সম্পর্ক রয়েছে তা লিখ। ৩

খ. জাতক পাঠের উপকারিতা দৃশ্যপটের আলোকে ব্যাখ্যা কর। ৫

৬. রাউজান সদ্দর্ম বিহারের কঠিন চীবর দান অনুষ্ঠানে ইউরোপের একজন বৌদ্ধ ভিক্ষু যোগদান করেন। তাঁর নাম ভদন্ত মেত্তানন্দ ভিক্ষু। তিনি ভারতে এসেছিলেন বৌদ্ধ তীর্থস্থানসমূহ দেখার জন্য। এগুলো পরিভ্রমণ করে তিনি খুব আনন্দ পেয়েছিলেন। তাই তিনি বাংলাদেশের কিছু বৌদ্ধ ঐতিহ্য দেখার জন্য এখানে চলে আসেন। ইতোমধ্যে তিনি শালবন, মহাস্থানগড় পরিদর্শন করেন। একথা তিনি কঠিন চীবর দানের অনুষ্ঠানে তার বক্তৃতায় বলেন। তিনি সবাইকে এই বৌদ্ধ তীর্থগুলো পরিদর্শনের আহ্বান জানান।

ক. তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান বলতে কী বুঝায়? ৩

খ. রাউজান সদ্দর্ম এর আহ্বানের যথাযর্থতা দেখাও। ৫

৭. মানুষ সমাজবদ্ধ হয়ে বসবাস করে। এটি মানুষের স্বভাব। ধর্ম-বর্ণ- সম্প্রদায় নির্বিশেষে সকলেই সমাজবদ্ধ হয়ে বাস করে। এতে ধর্মীয় আচরণে বিভিন্নতা থাকলেও মানবিক মূল্যাবোধে সকলেই পারস্পরিক সম্পর্কযুক্ত। সে কারণে মানুষ যখন রক্ত দান করে, চোখ দান করে তখন কোন ধর্মের অনুসারী বা কাকে দেবে এগুলো কখনো নির্দিষ্ট করা হয় না। কারণ মানুষ-'সকলের তরে সকলে আমরা, প্রত্যেকে আমরা পরের তরে।'

ক. দৃশ্যপটে বৌদ্ধধর্মের যে বিষয়টি বলা হয়েছে তা ত্রিপিটকের একটি বাণীর উদ্ধৃতি দিয়ে লিখ। ৩

খ. সহাবস্থানের বুদ্ধের শিক্ষা ও এর সুফল দৃশ্যপটের আলোকে ব্যাখ্যা কর। ৫

**ক বিভাগ :** বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

| | | | |
|---|---|---|---|
| ১ | ক | ৯ | ঘ |
| ২ | গ | ১০ | ক |
| ৩ | খ | ১১ | গ |
| ৪ | গ | ১২ | খ |
| ৫ | ঘ | ১৩ | ঘ |
| ৬ | ক | ১৪ | খ |
| ৭ | খ | ১৫ | ক |
| ৮ | গ | | |

**খ বিভাগ : এক কথায়/অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর**

| | |
|---|---|
| ১ | বুদ্ধ পূর্ণিমাকে জাতিসংঘ 'বেশাখ ডে' ঘোষণা করে। |
| ২ | সিদ্ধার্থ গৌতম আষাঢ়ী পূর্ণিমায় মাতৃগর্ভে  প্রতিসন্ধি গ্রহণ করেন। |
| ৩ | বুদ্ধের প্রথম ধর্ম প্রচার বৌদ্ধ সাহিত্যে ধর্মচক্র প্রবর্তন নামে পরিচিত। |
| ৪ | আষাঢ়ী পূর্ণিমা তিথিতে বর্ষাবাস শুরু হয়। |
| ৫ | বৌদ্ধধর্মে দান করার উপযুক্ত পাত্রকে 'প্রতিগ্রাহক সম্পত্তি' বোঝায়। |
| ৬ | 'ধৈর্য ও বুদ্ধি দিয়ে বিপদের মোকাবিলা করতে হয়'- এটি বানরেন্দ্র জাতকের উপদেশ। |
| ৭ | গৌতম বুদ্ধ এবং তাঁর খ্যাতনামা শিষ্য-প্রশিষ্যদের জীবনের সঙ্গে সংশ্লিষ্ট স্থানসমূহ বৌদ্ধ তীর্থস্থান নামে পরিচিত। |
| ৮ | বাংলাদেশের কুমিল্লা জেলায় শালবন বিহার কোথায় অবস্থিত |
| ৯ | বুদ্ধের মতে জগতের সকল মানুষ সমান। |
| ১০ | কুশল কর্ম মানুষকে মহৎ করে। |

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ষষ্ঠ

**# প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা:**

**# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস):**

**# মূল্যায়ন কাঠামো:**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**# শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (Inventory Work, Project Proposal, Report Presentation) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | ১০ |
| **মোট** | **৩০** |

**# সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | মোট | | | | ১০০ | |

**# কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:**

**# রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স:**

**# বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:**

## বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস):

### শ্রেণি: ৬ষ্ঠ

| অঞ্জলি | উপহার | পৃষ্ঠা নং |
|---|---|---|
| অঞ্জলি ১ | উপহার ৫-৮ | ৮-১৪ |
| | উপহার ১৭ | ২৫-২৬ |
| অঞ্জলি ২ | উপহার ২১-২৫ | ৩২-৪২ |
| | উপহার ৩২ | ৫৬-৫৭ |
| অঞ্জলি ৩ | উপহার ৩৭-৫৬ | ৬৪-৯৪ |

## শিখনকালীন মূল্যায়ন: এসাইনমেন্ট

**নমুনা**

### শ্রেণি- ৬ষ্ঠ

**এসাইনমেন্ট:**

১। তোমার বাড়ি ও বিদ্যালয়ের চারপাশে কী কী গাছ আছে তা নিয়েই একটা ছবি আঁক। আলাদা আর্ট পেপার/পোষ্টার পেপারে এঁকে এর উপকারীতা ও যত্ন সম্পর্কে শ্রেণি কক্ষে উপস্থাপন কর।

উপহার ৪৫, পৃষ্ঠা- ৭৭

২। একজন বীর মুক্তিযোদ্ধাকে খুঁজে বের করে তাঁর সাক্ষাৎকার নাও। এবং প্রতিবেদন তৈরি করে জমা দাও।

উপহার ৫১, পৃষ্ঠা- ৮৬

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ষষ্ঠ

**নমুনা প্রশ্ন**

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান- ১০০

**বিভাগ-ক**

**বহুনির্বাচনি প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লিখ (১৫টির উত্তর দিতে হবে)** ১×১৫=১৫

১। ঈশ্বর কত দিনে পৃথিবী সৃষ্টি করেছেন?

ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

২। ঈশ্বর প্রথম দিনে কী সৃষ্টি করলেন?

ক) প্রাণী ও মানুষ খ) আলো ও অন্ধকার গ) নদী ও সাগর ঘ) মাছ ও পাখি

৩। পঞ্চাশত্তমীর দিনে পবিত্র আত্মা শিষ্যদের কাছে কীভাবে এসেছিলেন?

ক) কপোতের ন্যায় খ) আলোর ন্যায় গ) আগুনের জিভের ন্যায় ঘ) বৃষ্টির ন্যায়

৪। কখন পবিত্র আত্মাকে লাভ করা যায়?

ক) দীক্ষাস্নানের সময় খ) হস্তার্পণের সময় গ) রোগীলেপনে ঘ) যাজকবরণে

৫। আমরা কেনো যীশুর ডাকে সাড়া দিতে পারিনা?

ক) অন্তরে ঈশ্বরের জন্য ভালোবাসা থাকেনা বলে খ) মানুষের জন্য ভালোবাসা থাকে না বলে

গ) জাগতিক সম্পদের মায়া ও ভালোবাসার জন্য ঘ) ঈশ্বর ও মানুষের জন্য ভালোবাসা থাকে না বলে

৬। আহত লোকটির সেবার্থে শমরীয় কয়টি দিনার হোটেলের মালিককে দিয়েছিলো?

ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

৭। যীশু ৫টি রুটি ও ২টি মাছ দিয়ে কতজন লোককে খাইয়েছিলেন?

ক) পাঁচ হাজার খ) ছয় হাজার গ) সাত হাজার ঘ) আট হাজার

৮। কার সময়ে মোশির আইন ও নবীদের লেখা চলতো?

ক) পিতর খ) যোহন গ) প্রেরিত পৌল ঘ) বাপ্তিস্মদাতা যোহন

৯। যীশু কোন শিষ্যের মাধ্যমে মন্ডলী গড়ে তুলবেন?

ক) পিতর খ) যাকোব গ) যোহন ঘ) আন্দ্রিয়

১০। রাতের উপর রাজত্ব করার জন্য ঈশ্বর কী সৃষ্টি করেছেন?

ক) চাঁদ, তারা খ) চাঁদ, সূর্য গ) গ্রহ, সূর্য ঘ) গ্রহ, নক্ষত্র

১১। যারা ঈশ্বরের দেখানো পথে জীবন যাপন করে তারা কেমন লোক?

ক) শ্যামাঘাস খ) উত্তম বীজ গ) শর্ষে দানা ঘ) খামি

১২। যিহুদীরা কোন জাতির লোকদের তুচ্ছ করতো?

ক) শমরীয় খ) এসেনীয় গ) মাদীয় ঘ) পার্থীয়

১৩। যীশু কোন নারীর কাছে পিপাসা মিটানোর জন্য জল চাইলেন?

ক) যিহুদী খ) গালীলিও গ) শমরীয় ঘ) মাদীয়

১৪। যোষেফ কোন বংশের লোক ছিলেন?

ক) দায়ূদ খ) লেবীয় গ) হাবোর ঘ) ইফ্রয়িম

১৫। খ্রীষ্টধর্মের বিধিবিধানের মূল ভিত্তি কী?

ক) সেবা খ) ভালোবাসা গ) দশ আঘাত ঘ) দশ আজ্ঞা

**এক কথায় উত্তর দাও**: (১০টির উত্তর দিতে হবে) ১×১০=১০

১। কুমারী মরিয়মকে কোন দূত দেখা দিয়েছিলেন?

২। শিষ্যদের ওপর পবিত্র আত্মা কোন দিনে এসেছিলো?
৩। যীশু কত দিন উপবাস ও প্রার্থনা করেছিলেন?
৪। খ্রীষ্টধর্মের সমস্ত শিক্ষা কোন দুটি আদেশের উপরে নির্ভর করে?
৫। মানুষের পরিত্রাণের জন্য যীশু কীভাবে মৃত্যুবরণ করেছিলেন?
৬। যীশু কাকে স্বর্গরাজ্যের চাবি দিয়েছিলেন?
৭। কার ভালোবাসা চিরকাল স্থায়ী ?
৮। "যীশু নিজেই বাক্য ছিলেন।" এখানে বাক্য বলতে কাকে বোঝানো হয়েছে?
৯। সৃষ্টির যত্ন নেয়ার মাধ্যমে ঈশ্বরকে ভালোবাসা যায়- এটা কোন দায়িত্বের মধ্যে পড়ে?
১০। যারা ঈশ্বরের ইচ্ছানুযায়ী জীবন যাপন করে না তারা কোন বীজের তুল্য?

**বিভাগ-খ**

**সংক্ষিপ্ত প্রশ্ন:** (১০টির উত্তর দিতে হবে।) ২×১০=২০
১। অনন্ত জীবন বলতে কী বোঝায়?
২। অনন্ত জীবন পাওয়ার জন্য আমাদের কী করতে হবে? ব্যাখ্যা দাও।
৩। যীশু কীভাবে উপবাস করতে নির্দেশ দিয়েছেন ? ব্যাখ্যা দাও।
৪। ঈশ্বর কেন গাব্রিয়েল দূতকে কুমারী মারীয়ার কাছে পাঠালেন? ব্যাখ্যা দাও।
৫। ঈশ্বর কেন যীশু খ্রীষ্টকে পৃথিবীতে পাঠিয়েছেন? ব্যাখ্যা দাও।
৬। অনন্ত জীবনের প্রত্যাশায় লোকটি যীশুর কথা শুনে কেন মুখ ম্লান করলো? ব্যাখ্যা দাও।
৭। যীশু কেন ৪০দিন উপবাস ও প্রার্থনা করেছিলেন? ব্যাখ্যা দাও।
৮। লোক দেখানো প্রার্থনা করতে নিষেধ করা হয়েছে কেন? ব্যাখ্যা দাও।
৯। মোশির আইনে অনন্ত জীবন লাভের জন্য কী করতে বলা হয়েছে? ব্যাখ্যা দাও।
১০। যীশু শমরীয় নারীর কাছে জল চাইলেন কেন? ব্যাখ্যা দাও।

**বিভাগ- গ**

**রচনামূলক প্রশ্ন:** প্রেক্ষাপটবিহীন (৫টি প্রশ্নের ৩টির উত্তর দিতে হবে।) ৫×৩=১৫
১। গাব্রিয়েল দূত কুমারী মরিয়মকে কী বার্তা দিয়েছিলেন তার বিবরণ দাও।
২। শয়তান যীশুকে যিরূশালেমে উপাসনা ঘরের চূড়া দেখিয়ে কী বলেছিলো? উত্তরে যীশু কী বলেছিলেন?
৩। "আমি যেমন তোমাদের ভালোবেসেছি,তেমনি তোমরাও একে অন্যকে ভালোবেসো।" এই উক্তিটির ব্যাখ্যা করো।
৪। ঈশ্বর কেনো সপ্তম দিনে কোনো সৃষ্টির কাজ করেননি? ব্যাখ্যা করো।
৫। কীভাবে উপবাস করলে ঈশ্বর আমাদের পুরষ্কার দিবেন? ব্যাখ্যা করো।

**বিভাগ-ঘ**

**রচনামূলক প্রশ্ন:** প্রেক্ষাপট নির্ভর (৭টি প্রশ্নের ৫টি উত্তর দিতে হবে।) ৮×৫=৪০
১। লিটন ধর্মভীরু যুবক। সে গ্রামের গরীব দুঃখীদের সাহায্য করে। কেউ অসুস্থ হলেও সবার আগে সে সেবা দেয়। একদিন তার বন্ধু সুমন বাড়িতে গিয়ে দেখে তার ছোট দুই বোন ক্ষুধায় কাঁদছে। তার মাও অসুস্থ। লিটনের মা সুমনকে বললো, "অসৎ কাজে সাহায্য না করায় গত মাসে তার চাকরি চলে গেছে।"লিটনকে সুমন বললো" চল, আমরা সুদের ব্যবসা করি। এখানে চড়া সুদ নিয়ে উপার্জন করা যাবে। এতে তোর পরিবার সচ্ছল হবে।
ক) লিটনের কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়টি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
খ) সুমন কর্তৃক লিটনের পরীক্ষা ও শয়তান কর্তৃক যীশুর পরীক্ষার তুলনামূলক আলোচনা করো। ৫

২। লিডিয়া প্রতিনিয়ত স্কুলে যাওয়ার পূর্বে ও ফিরে এসে মা-বাবাকে প্রণাম করে। স্কুলে শিক্ষকদের খুব সম্মান করে। পথে কোন অভুক্ত লোক দেখলে তার টিফিন দিয়ে সাহায্য করে। স্কুলে বান্ধবীরা একটুতেই ঈশ্বরের নাম নেয়, তাই সে তাদের বাধা দেয়। কারণ ধর্ম ক্লাসে সে দশ আজ্ঞা সম্পর্কে যীশুর দেয়া উপদেশ জেনেছে। তাই সে এগুলো মেনে চলার চেষ্টা করে।

ক) উপরের দৃশ্যকল্পে লিডিয়ার পালনকৃত আজ্ঞাগুলো ব্যাখ্যা করো। ৩

খ) লিডিয়ার পালনকৃত আজ্ঞাগুলো ছাড়া অন্য যে কোনো ৫টি আজ্ঞা ব্যাখ্যা করো। ৫

৩। তুমি স্কুল থেকে বাড়ি ফেরার পথে অসুস্থ কোন পথিককে রাস্তার পাশে পড়ে থাকতে দেখেছো। সেখানে অনেকেই তাকে ঘিরে দুঃখ প্রকাশ করছে। অনেকে আবার পাশ কেটে চলে যাচ্ছে। কিন্তু কেউই তাকে সাহায্যের জন্য এগিয়ে আসছে না।

ক) উপরের প্রেক্ষাপটের ঘটনায় তোমার অনুভূতি কেমন হয়েছিলো তা ব্যাখ্যা করো। ৩

খ) প্রেক্ষাপটের অসুস্থ পথিকের প্রতি তোমার দায়িত্ব বর্ণনা করো। ৫

৪। জুলি গীর্জায় ধর্ম শিক্ষকের কাছ থেকে কীভাবে প্রার্থনা করতে হয় সে সম্পর্কে শিক্ষা পেয়েছে। গীর্জার ধর্ম ক্লাশে যীশুর দেয়া শিক্ষাগুলো তার খুব ভালো লাগে। বাড়িতে সান্ধ্যকালীন প্রার্থনায় সেই বেশি প্রার্থনা করে। প্রার্থনা করে সে মনে আনন্দ পায়। পরিবারের প্রত্যেকেই তাকে আশীর্বাদ করে।

ক) জুলির মত তুমি ধর্ম ক্লাশে প্রার্থনা সম্পর্কে কী জানতে পেরেছো তা ব্যাখ্যা করো। ৩

খ) ঈশ্বরের আশীর্বাদ লাভের জন্য তুমি কীভাবে প্রার্থনা করবে তা তোমার পাঠ্যপুস্তকের আলোকে তার বর্ণনা দাও। ৫

৫। তোমরা দলে গত দুই মাসে নিজেদের এলাকায়, সমাজে, মহল্লায় অথবা বিদ্যালয়ে অনেক ভালো কাজ করেছো।

ক) তুমি কী কী ভালো কাজ করেছো তার একটি তালিকা তৈরি করো। ৩

খ) ভালো কাজগুলি একটি প্রতিবেদন লিখ। নমুনা দেয়া হলো- শিরোনাম, সূচনা, ভালো কাজের বর্ণনা, ভালো কাজগুলো বাছাই করার কারণ, যীশু কী তোমার কাজে খুশি হবে? ৫

৬। খ্রীষ্টিনা খুব সুন্দর ছবি আঁকে ও বিভিন্ন উপাদান দিয়ে জিনিস তৈরি করে। এক মাস পর তার একটা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। তাই সে সিদ্ধান্ত নেয় কোন দিন কি জিনিস বানাবে। পর্যায়ক্রমে সে বিভিন্ন উপাদান দিয়ে অজানা গ্রহের মানচিত্র, নদ-নদী, পাহাড়, গাছপালা, আকাশ ও পাখি, ঘর ও প্রাণী তৈরি করে এবং চিন্তা করে যে এই প্রাণিই এদের দেখাশোনা করবে।

ক) খ্রীষ্টিনার কার্যক্রম তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাথে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

খ) প্রেক্ষাপটের প্রাণী ও তোমার পাঠ্যপুস্তকের মানুষের কাজের বর্ণনা দাও। ৫

৭।



চিত্র-১



চিত্র-২

ক) চিত্র-১ এ তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাথে মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

খ) চিত্র-২ এ শিশুটির কার্যক্রমের সাথে তোমার পাঠ্যপুস্তকের মাধ্যমে পবিত্র বাইবেলের শিক্ষার বিবরণ দাও। ৫

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ষষ্ঠ

নমুনা প্রশ্ন (রুব্রিক্স)

**বিভাগ- ঘ** (রচনামূলক প্রশ্ন: প্রেক্ষাপট নির্ভর)

| **প্রশ্ন** | **নম্বর** | **শিক্ষার্থীরা পারবে** |
|---|---|---|
| ১ (ক) | ৩ | পরোপকার ধারণাটি ব্যাখ্যা করে প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করতে |
| | ২ | পরোপকার ধারণাটি ব্যাখ্যা করতে |
| | ১ | পরোপকার লিখতে |
| ১ (খ) | ৫ | প্রলোভন ধারণাটি ব্যাখ্যা করে প্রেক্ষাপটের সাথে সমপূর্ণভাবে তুলনামূলক আলোচনা করতে |
| | ৪ | প্রলোভন ধারণাটি ব্যাখ্যা করে প্রেক্ষাপটের সাথে আংশিকভাবে তুলনামূলক আলোচনা করতে |
| | ৩ | প্রলোভন ধারণাটি ব্যাখ্যা করে প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করতে |
| | ২ | প্রলোভন ধারণাটি ব্যাখ্যা করতে |
| | ১ | প্রলোভন লিখতে |

| **৬ষ্ঠ শ্রেণির বহুনির্বাচনি প্রশ্নের উত্তর** |
|---|
| ১। ঘ |
| ২। খ |
| ৩। গ |
| ৪। ক |
| ৫।গ |
| ৬। খ |
| ৭। ক |
| ৮। ঘ |
| ৯। ক |
| ১০। ক |
| ১১। খ |
| ১২। ক |
| ১৩। গ |
| ১৪। ক |
| ১৫। ঘ |

# শিখনকালীন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

## শ্রেণি: ষষ্ঠ

**(ক) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত পাঠ্যসূচি:**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | বিজ্ঞানের চোখ দিয়ে চারপাশ দেখি | ৩৬-৪৯ |
| ০২ | দক্ষিণ এশিয়া ও বিশ্বের ইতিহাসে ভূ-প্রকৃতির প্রভাব | ৬৩-৭৩ |
e) The class monitor notices that the classroom is messy after a group activity.
What should the students do? (Obligation)

## Part D: Writing

7. **Suppose you are a student of X High School. A Kite Festival is going to be held in your school. You want to invite Upazilla Secondary Education Officer to visit the festival.**

**Now, write an invitation letter to the Upazilla Secondary Education Officer to invite him/her to the festival. In your letter include appropriate salutations and closing, mention the main purpose and follow the format of a formal letter. 12**

8. **Last Monday you visited a historical place. It has a deep impact on your mind. You want to share your experience with one of your friends. Now write a conversation between you and your friend. 8**

9. **Write a story based on the following situations. 15**

Fact: You have lost your way
Situation: A busy city/remote village/forest
Characters: Yourself, other persons
Time: Last Saturday

**Your story should maintain the following features:**

- Beginning & closing, theme, time and place
- Characters & incidents

## (g) Answers to the objectively marked questions

**Answers to test item 1(a)**

i. *b) extended family*
ii. *c) Bonfire Night*
iii. *c) hospitality*
iv. *d) education*
v. *b) the UK*

**Answers to test item 2 (a)**

i. *False. Rif lived in a small village.*
ii. *True*
iii. *False. Arif stayed in the forest for a few days.*
iv. *True*
v. *False. Arif's adventure made him love/appreciate nature.*

**Answers to test item 2 (b)**

a) **+ ii**
b) **+ iii**
c) **+ i**
d) **+ v**
e) **+ iv**

**Answer to test item 3 (b)**

*Three/3 (stanzas)*

**Answers to test item 3(c)**

| | |
|---|---|
| boy | Roy |
| deep | sleep |
| wide | pride |
| cold | gold |
| tale | pale |
| bold | told |

**Answers to test item 4**

In a small village in Bangladesh, there was a river where children loved to play. One day, a little boy named Rafiq was playing near the riverbank. Suddenly, he slipped and fell into the water. A fisherman who was nearby, saw him and quickly jumped in to save him. Rafiq was scared, but the fisherman reassured him, "Don't worry, I'm here to help." After a few minutes, they reached the shore safely. Rafiq thanked the fisherman and promised to be more careful. From that day on, he always remembered the kind man who saved him

**Answers to test item 5(a)**

There are many adjectives in the text. Candidates require to write any five of the adjectives and their synonyms listed here.

For synonym, more than one alternative are suggested for some words. Any of them will be considered correct answer.

However, candidates need to write BOTH an adjective and its correct synonym to earn one mark.

| Adjective | Synonym |
|---|---|
| remote | distant |
| old | elderly/aged/mature/senior |
| wise | intelligent/knowledgeable |
| helpful | supportive/caring |
| calm | quiet/cool/tranquil/relaxed |
| gentle | mild/calm/soft/tender |
| smart | clever |
| difficult | Hard/tough/challenging |
| patient | Tolerant/enduring |
| valuable | precious |
| grateful | Thankful/glad/pleasant |

**Answer to test item 5(b)**

There can be many versions of this answer. The following is only a sample. Markers need to use their judgement while marking this item. They must look for five adjectives that describe Rumi well.

**Sample answer:**

*Rumi is a very helpful and a very kind girl. She is also quick to offer help to her friends when they are in troubles. She loves solving difficult maths with a friendly gesture.*

**Answer to test item 5(c)**

| Adjectives | Nouns |
|---|---|
| active | people |
| easier | lives |
| manual | work |
| physical | effort |
| demanding | activities |

**Answer to test item 6**

a) Rafi's teacher asks him to bring a book from the library.
How will he ask the librarian for the book? (request)

**Sample answer:**
*Good morning Sir. I have the library card. May I borrow Hamlet from the library now?*

b) Sara's parents have asked her to complete her homework before going out to play.
What should Sara do? (Obligation)

**Sample answer:**
*Sara must complete homework before going out to play.*

c) Tarek has an important exam tomorrow. He's thinking about studying late into the night.

**Sample answer:**
*What might happen if Tarek doesn't get enough sleep? (Possibility)*

**d)** The principal needs a volunteer to help organize an event at school.

**Sample answer:**
*How should the principal ask the students for help? (Polite Request)*

e) The class monitor notices that the classroom is messy after a group activity.

**Sample answer**
*What should the students do? (Obligation)*

## (h) Rubrics

**Rubrics for item 7: Writing an invitation letter**

| Category | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|
| **Salutation and Closing** | Salutation and closing have no errors in capitalization and punctuation. | Salutation and closing have 1-2 errors in capitalization and punctuation. | Salutation and closing have 3 or more errors in capitalization and punctuation. | Salutation and/or closing are missing. |
| **Ideas** | Ideas were expressed in a clear and organized fashion. It was easy to figure out what the letter was about. | Ideas were expressed in a pretty clear manner, but the organization could have been better. | Ideas were somewhat organized, but were not very clear. It took more than one reading to figure out what the letter was about. | The letter seemed to be a collection of unrelated sentences. It was very difficult to figure out what the letter was about. |
| **Format** | Complies with all the requirements for a formal letter. | Complies with almost all the requirements for a formal letter. | Complies with several of the requirements for a formal letter. | Complies with very few requirements for a formal letter. |

**Rubrics for item no 8: Writing a conversation**

| Category | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|
| **Greeting, Closing Addressing** | Informal addressing/greetings and closing have no errors in using informal tone | Informal addressing/greetings and closing using informal tone. (with a few errors) | Informal addressing/greetings and closing using informal tone. (with some errors) | Informal addressing/greetings and closing using informal tone. (with many errors) |
| **Idea** | Ideas are expressed in a clear and organized fashion. Used necessary features of turn-taking and fillers. | Ideas are expressed in a clear and organized fashion. Used necessary features of turn-taking and fillers. (with a few errors) | Ideas are somewhat organized, but were not very clear. It takes more than one reading to figure out what it is about. (with some errors) | It seems to be a collection of unrelated sentences. It is very difficult to figure out what it is about. (with many errors) |

**Rubrics for item no 9: Writing a story**

| Category | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|
| Beginning & closing | Attractive beginning and well closing (no errors) | Attractive beginning and well closing (with a few errors) | Attractive beginning and well closing (with some errors) | Attractive beginning and well closing (with many errors) |
| | 7 | 5 | 3 | 2 |
| Characters, incidents, time and place | The incidents of the story are well organized with characters, time and place | Characters should be selected for the story. Time and place should be included (with a few errors) | Characters should be selected for the story. Time and place should be included. (with some errors) | Characters should be selected for the story. Time and place should be included (with many errors) |
| | 4 | 3 | 2 | 1 |
| Theme | The story contains a well developed theme | The story contains partially developed theme | The story contains no clear theme | The story contains no theme |

## ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা
## বিষয়: হিন্দু ধর্ম শিক্ষা
## শ্রেণি : ষষ্ঠ

**(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা** :

- বার্ষিক পরীক্ষার জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টণ ও প্রশ্নের ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বহুনির্বাচনী প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা, শিক্ষার্থীকে যেন ভেবে বা চিন্তা করে উত্তর দিতে হয়, এমন প্রশ্ন করতে হবে। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না;
- এক কথায় উত্তরের ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে);
- সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন... কী, উদাহরণ দাও, ইত্যাদি);
- বিস্তারিত উত্তর প্রশ্নের (প্রেক্ষাপট নির্ভর ছাড়া) পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে যেন উত্তর প্রদান করতে পারে, এমন হতে হবে;
- প্রেক্ষাপটনির্ভর প্রশ্নের ক্ষেত্রে, যা শিক্ষার্থী ইতিপূর্বে পাঠ্যপুস্তকে অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করেছে, তার আলোকে থাকবে, কিন্তু হবহু মিল থাকবে না; পরিস্থিতি নতুন হবে, এমন ধরনের প্রেক্ষাপট তুলে ধরতে হবে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কাজগুলোর মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, পরিস্থিতি বা প্রেক্ষিত ভিন্নধর্মী হবে;
- শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে পাঠ্যপুস্তকে উল্লিখিত কাজ প্রদান ও সম্পাদনের মাধ্যমে নিম্নে বর্ণিত ছক মোতাবেক শিখনকালীন মূল্যায়নে শিক্ষার্থীদের নম্বর দিতে হবে যা পরে লিখিত পরীক্ষার নম্বরের সাথে যোগ করতে হবে।

### (খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যসূচি/সিলেবাস

| ক্রমিক নম্বর | অধ্যায়/অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায় | আত্মার অবিনাশিতা, জন্মান্তর ও কর্মফল। | ২১ - ২৩ |
| দ্বিতীয় অধ্যায়: | নিত্যকর্ম | ২৪ – ২৮ |
| | শুচিতা, উপাসনা প্রার্থনা, পূজা-পার্বণ। মন্দির ও তীর্থক্ষেত্র। | ২৯ – ৩১ |
| | শুচিতা, | ৩২ – ৩৩ |
| | উপাসনা প্রার্থনা | ৩৪ – ৩৬ |
| | দেব-দেবী ও পূজা-পার্বণ। | ৪০ - ৪৮ |
| তৃতীয় অধ্যায়: | মানবিক গুণ- নৈতিকতা, মানবিকতা, সহমর্মিতা, দায়িত্বশীলতা। | ৫৮ - ৬৫ |
| তৃতীয় অধ্যায়: | আদর্শ জীবনচরিত- শ্রীকৃষ্ণ, লোকনাথ ব্রহ্মচারী। | ৬৮ - ৭৩ |
| তৃতীয় অধ্যায়: | সহাবস্থান। | ৮১ - ৯১ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% (গুরুত্ব বা Weightage) | ৭০% (গুরুত্ব বা Weightage) |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (যেমন: সম্প্রতি পালিত হয়েছে এমন একটি পূজা/পার্বনে অংশগ্রহণের অভিজ্ঞতা লিখে শিক্ষকের নিকট জমা দাও) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন — (যেমন: কোনো একজন আদর্শ মহাপুরুষের কার্যক্রমে উদ্বুদ্ধ হয়ে মানবকল্যানমূলক প্রতিষ্ঠান করতে চাও তার কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করে একটি প্রতিবেদন জমা দাও) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - (যেমন: অবতারবাদের ধারণা থেকে অবতারগণ কেন পৃথিবীতে অবতীর্ণ হন, তা ভাবনা থেকে লেখা | ১০ |
| মোট | ৩০ |

**(ঙ) বার্ষিক পরীক্ষার প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতি প্রশ্নের জন্য বরাদ্দকৃত নম্বর | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮ | ৮×৫=৪০ | |
| | মোট | | | | | ১০০ | |

নমুনা প্রশ্নপত্র

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# বার্ষিক পরীক্ষা-২০২৪

## বিষয়: হিন্দুধর্ম শিক্ষা

### শ্রেণি : ষষ্ঠ

সময়: ৩ ঘন্টা | পূর্ণমান-১০০

**ক-বিভাগ**

**১. বহুনির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লেখ (১ থেকে ১৫ পর্যন্ত ) প্রতিটি প্রশ্নের মান সমান।** ১X১৫ =১৫

(১) জীবের কি অনুসারে পুনর্জন্ম হয়?

(ক) দেহ (খ) ধর্ম

(গ) কর্ম (ঘ) মন

(২) জন্মান্তরের সাথে কিসের নিবিড় সম্পর্ক রয়েছে?

(ক) কর্মবাদ (খ) কর্মফল

(গ) জীবদেহ (ঘ) আত্মার

(৩) যিনি পূর্বজন্মের কথা স্মরণ করতে পারেন তাঁকে কী বলা হয়?

(ক) জাতিস্মর (খ) জাতবেদা

(গ) জাতকর্ম (ঘ) জাতভোলা

(৪) পূজা শব্দের অর্থ কী?

(ক) শ্রদ্ধা করা (খ) আনন্দ করা

(গ) উৎসব করা (ঘ) অনুষ্ঠান করা

(৫) বিভিন্ন শুভকার্য ও অনুষ্ঠানের শুরুতে কোন দেবতার পূজা করতে হয়?

(ক) লক্ষ্মী (খ) দুর্গা

(গ) কালী (ঘ) গণেশ

(৬) দেবী সরস্বতীর গলায় কী থাকে?

(ক) মুক্তার মালা (খ) স্বর্ণের মালা

(গ) সর্পমালা (ঘ) হীরার মালা

(৭) মাঘ মাসের কোন তিথিতে সরস্বতী পূজা করা হয়?

(ক) কৃষ্ণ ৭মী (খ) শুক্লা ৫মী

(গ) শুক্লা ৬ষ্ঠী (ঘ) কৃষ্ণ ৮মী

(৮) নবান্ন শব্দের অর্থ কী?

(ক) নতুন জামা (খ) নতুন পূজা

(গ) নতুন ঘর (ঘ) নতুন অন্ন

(৯) বাংলা মাসের শেষ দিনকে কী বলা হয়?

(ক) পার্বণ (খ) উৎসব

(গ) সংহার (ঘ) সংক্রান্তি

(১০) পাঠের সময় যেন নাহি করি ----

(ক) লাজ (খ) মেলা

(গ) গান (ঘ) হেলা

(১১) নিত্যকর্ম কত প্রকার?

(ক) ৪ (খ) ৫

(গ) ৬ (ঘ) ৭

(১২) সায়াহ্ন মানে কী?

(ক) সকাল (খ) দুপুর

(গ) সন্ধ্যা (ঘ) রাত

(১৩) নিত্য কর্ম করলে কি শেখা যায়?

(ক) নিয়মানুবর্তিতা (খ) কর্ম

(গ) জ্ঞান (ঘ) ভক্তি

(১৪) শুচিতা মানে কী?

(ক) নির্মলতা (খ) উজ্জ্বলতা

(গ) সৌন্দর্য (ঘ) মঙ্গলময়

(১৫) উপাসনা করলে দেহ-মন কী হয়?

(ক) পরিষ্কার হয় (খ) পবিত্র হয়

(গ) সুস্থ হয় (ঘ) উত্তেজিত হয়

**২. এক কথায় উত্তর দাও (ক - ঞ) প্রতিটি প্রশ্নের মান সমান।** **১X১০ =১০**

(ক) উপাসনা করার আগে নিজেকে কী করতে হয়?

(খ) বিশ্বধর্ম সম্মেলনে যোগদান করছিলেন কে?

(গ) বাবা মা'র প্রতি একটি দায়িত্বের নাম বলো।

(ঘ) রামচন্দ্র কিসের জন্য বনে গিয়েছিলেন?

(ঙ) লোকনাথ ব্রহ্মচারী কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?

(চ)"বাসাংসি জীর্ণানি যথা বিহায়" এটি কোন গ্রন্থের শ্লোক?

(ছ) হরিণ হয়ে জন্মগ্রহণ করেছিলেন কোন মুনি?

(জ) ঈশ্বরকে স্মরণ করার জন্য কোন দিকে মুখ করে বসতে হয়?

(ঝ) 'পদ্মনাভ' নামটি উচ্চারণ করতে হয় কোন কৃত্যে?

(ঞ) গজানন বলা হয় কোন দেবতাকে?

## খ-বিভাগ: রচনামূলক অংশ

**৩. সংক্ষেপে উত্তর দাও** (ক - ঞ) **( প্রতিটি প্রশ্নের মান ২)** ২X১০ =২০

(ক) মন্দির বলতে কী বোঝায়?

(খ) আভ্যন্তরীণ শুচিতা অর্ন্তগত বিষয়সমূহ বর্ণনা কর।

(গ) প্রার্থনা বলতে কী বোঝায়?

(ঘ) দেবদেবী বলতে কী বোঝায়?

(ঙ) উপাসনার প্রকারভেদগুলো বর্ণনা কর।

(চ) কালী পূজা কেন করা হয় তা বর্ণনা কর।

(ছ) নবান্ন বলতে কী বোঝায়?

(জ) উপনিষদের মন্ত্রটি অর্থসহ লেখ?

(ঝ) পূজা বলতে কী বোঝায়?

(ঞ) সহমর্মিতা বলতে কী বোঝায়?

**৪. যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও । (প্রতিটি প্রশ্নের মান ৫)** ৩x৫ =১৫

(ক) আত্মার অবিনাশিতা বলতে কী বোঝায়?

(খ) নিত্যকর্মের গুরুত্ব লেখ।

(গ) পৌষ সংক্রান্তি কী? তোমার এলাকায় এ উৎসবটি কীভাবে পালন করা হয় তা বর্ণনা কর।

(ঘ) চন্দ্রনাথ ধাম সম্পর্কে বিস্তারিত লেখ।

(ঙ) সহাবস্থান কী? বিস্তারিত লেখ।

**৫. বর্ণিত দৃশ্যপটের আলোকে নিচের যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও** **৫X৮=৪০**

**ক.** রমেশ প্রতিদিন একটা নির্দিষ্ট সময়ে হাত ,পা, মুখ ধুয়ে গান গেয়ে ঈশ্বরের উপাসনা করে থাকে। কিন্তু তাঁর দাদা পরেশ সারা দিনই নিয়ম করে দিনযাপন করে থাকে।

(১) রমেশ কোন ধরণের নিত্যকর্ম করে থাকে তা বর্ণনা কর। ১

(২) পরেশ সারাদিন যেভাবে দিনযাপন করে তা তোমার পাঠ্যবইয়ের নিত্যকর্মের আলোকে ব্যাখ্যা কর। ৭

**খ.** দৃশ্যপট -১ সাম্যদের ঔষধের দোকানে প্রতি বছর হালখাতার দিনে এটা বিশেষ পূজা অনুষ্ঠিত হয়। উক্ত দেবতার পট বা ছবি সবসময়ই তারা দোকানে টাঙিয়ে রাখে এবং ভক্তিভরে পূজা করে।
দৃশ্যপট -২ অশোক পড়াশোনায় আগ্রহী না হওয়ায় তার মা শীতকালে তাদের বাড়িতে একটা পূজার আয়োজন করলেন এবং অশোককে পলাশফুল সংগ্রহ করতে বললেন।

(১) সাম্যদের ঔষধের দোকানে প্রতি বছর হালখাতার দিনে কোন পূজার আয়োজন করা হয় তা বর্ণনা কর। ৩

(২) অশোকের মায়ের আয়োজিত পূজা হতে কোন শিক্ষা লাভ করা যায় তা ব্যাখ্যা দাও। ৫

**গ.** এক ঝড় জলের রাতে কারাগারে জন্ম হয়েও বাবার বুদ্ধির জোড়ে অত্যাচারী রাজার হাত হতে বেঁচে দিয়ে দিন্দু ধর্মের জন্য বহুবিধ কাজ করে গেছেন, যা মানুষ আজও ভক্তিভরে স্মরণ করে থাখে।

(১) দৃশ্যপটে বর্ণিত মহাপুরুষ কে? বর্ণনা কর। ৩

(২) মানব সমাজের কল্যানে উক্ত মহাপুরুষের দুইটি কর্মকান্ড সংক্ষেপে বর্ণনা কর। ৫

**ঘ.** সুজিতদের বাড়ির সবাই সকালে উঠে পূর্ব দিক মুখ দিয়ে সৃষ্টিকর্তাকে ভক্তিভরে ডেকে থাকেন। এ উপলক্ষ্যে তারা সকলে যত্নশীল হয়ে পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে থাকে যা তাদের শারিরিক ও মানসিক দুদিক হতেই পবিত্র করে তোলো।

(১) সুজিতরা কোন ধরনের উপাসনা করে তা বর্ণনা কর। ৩

(২) তাদের পরিবারের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি তোমার পাঠ্যপুস্তকের শুচিতার আলোকে ব্যাখ্যা কর। ৫

**ঙ.** জয়াদেবী শরীর সুস্থ রাখতে প্রতিদিন একটা আসন অনুশীলন করেন, একে তাঁর মনযোগও বাড়ে কিন্তু রমাদেবী রক্তচাপ নিয়ন্ত্রণের জন্য প্রতিদিন ১০ থেকে ১৫ মিনিট অন্য আরেকটা আসন অনুশীলন করেন।

(১) জয়াদেবী কোন ধরনের আসন অনুশীলন করে তা বর্ণনা কর। ৩

(২) রমাদেবীর অনুশীলনকৃত আসন উপকারিতাসহ ব্যাখ্যা কর। ৫

১. নৈর্ব্যত্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

| | |
|---|---|
| (১) (গ) কর্ম | (৯) (ঘ) সংক্রান্তি |
| (২) (খ) কর্মফল | (১০) (ঘ) হেলা |
| (৩) (ক) জাতিস্মর | (১১) (গ) ৬ |
| (৪) (ক) শ্রদ্ধা করা | (১২) (গ) সন্ধ্যা |
| (৫) (ঘ) গণেশ | (১৩) (ক) নিয়মানুবর্তিতা |
| (৬) (ক) মুক্তার মালা | (১৪) (ক) নির্মলতা |
| (৭) (খ) শুক্লা ৫মী | (১৫) (খ) পবিত্র হয় |
| (৮) (ঘ) নতুন অন্ন | |

**২. এক কথায় উত্তর**

| | |
|---|---|
| (১) পরিষ্কার পরিচ্ছন্ন | (৬) শ্রীমদ্ভগবদ্গীতা |
| (২) স্বামী বিবেকানন্দ | (৭) রাজা ভরত |
| (৩) বাবা মায়ের সেবা করা | (৮) পূর্ব বা উত্তর দিকে মুখ করে |
| (৪) পিত্রসত্য রক্ষার জন্য | (৯) রাত্রিকৃত্যে |
| (৫) ১৭৩০ খ্রীষ্টাব্দে | (১০) গণেশ দেবতা |

**৫ রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স**

নমুনা প্রশ্ন: ২

দৃশ্যপট -১ সাম্যদের ঔষধের দোকানে প্রতি বছর হালখাতার দিনে এটা বিশেষ পূজা অনুষ্ঠিত হয়। উক্ত দেবতার পট বা ছবি সবসময়ই তারা দোকানে টাঙিয়ে রাখে এবং ভক্তিভরে পূজা করে।

দৃশ্যপট -২ অশোক পড়াশোনায় আগ্রহী না হওয়ায় তার মা শীতকালে তাদের বাড়িতে একটা পূজার আয়োজন করলেন এবং অশোককে পলাশফুল সংগ্রহ করতে বললেন।

(ক) সাম্যদের ঔষধের দোকানে প্রতি বছর হালখাতার দিনে কোন পূজার আয়োজন করা হয় তা বর্ণনা কর: ৩

(খ) অশোকের মায়ের আয়োজিত পূজা হতে কোন শিক্ষা লাভ করা যায় তা ব্যাখ্যা দাও। ৫

২ (ক) সাম্যদের ঔষধের দোকানে প্রতি বছর হালখাতার দিনে কোন পূজার আয়োজন করা হয় তা বর্ণনা কর: ৩
২ (ক) নম্বর প্রদান নির্দেশিকা:

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ২ (ক) | ৩ | সাম্যদের ঔষধের দোকানে অনুষ্ঠিত পূজাকে গণেশ পূজা হিসেবে চিহ্নিত করে উক্ত পূজা সম্পর্কে বর্ণনা করলে |
| | ২ | গণেশ পূজা সম্পর্কে বর্ণনা করলে |
| | ১ | সাম্যদের ঔষধের দোকানে অনুষ্ঠিত পূজাকে গণেশ পূজা হিসেবে চিহ্নিত করলে |
| | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

(খ) অশোকের মায়ের আয়োজিত পূজা হতে কোন শিক্ষা লাভ করা যায় তা ব্যাখ্যা দাও। ৫
২ (খ) নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ২ (খ) | ৫ | অশোকের মায়ের আয়োজিত পূজাকে সরস্বতী পূজা হিসেবে চিহ্নিত করে এ পূজার শিক্ষা সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করতে |
| | ৪ | অশোকের মায়ের আয়োজিত পূজাকে সরস্বতী পূজা হিসেবে চিহ্নিত করে এ পূজার শিক্ষা সম্পর্কে আংশিক ব্যখ্যা করলে |
| | ৩ | অশোকের মায়ের আয়োজিত পূজাকে সরস্বতী পূজা হিসেবে চিহ্নিত করে এ সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করলে |
| | ২ | সরস্বতী পূজা সম্পর্কে বর্ণনা করলে |
| | ১ | অশোকের মায়ের আয়োজিত পূজাকে সরস্বতী পূজা হিসেবে চিহ্নিত করলে। |
| | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা-২০২৪
# বিষয়: ইসলাম শিক্ষা
# শ্রেণি:ষষ্ঠ


| **ক্রম** | এক নজরে নির্দেশিকার বিষয়বস্তু | **পৃষ্ঠা নং** |
|---|---|---|
| ক. | বার্ষিক পরীক্ষার সিলেবাস | ১ |
| খ. | মূল্যায়ন কাঠামো | ১ |
| গ. | প্রশ্নের ধারা ও মানবণ্টন | ১ |
| ঘ. | প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা | ২ |
| ঙ. | শিখনকালীন মূল্যায়ন | ৩ |
| চ. | নমুনা প্রশ্ন | ৪ |
| ছ. | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) (রচনামূলক) | ৭ |


**(ক) বার্ষিক পরীক্ষার সিলেবাস**

| **অধ্যায়** | **বিষয়বস্তু** | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ম অধ্যায় | রিসালাত, আখিরাত | ১২ থেকে ২৩ পর্যন্ত |
| ২য় অধ্যায় | ওযু, গোসল, তায়াম্মুম | ৩২ থেকে ৩৫ পর্যন্ত |
| ৩য় অধ্যায় | সূরা আল-ফাতিহা, সূরা আন-নাস, সূরা আল-ফালাক, সূরা আল-ইখলাস,<br>অর্থসহ মুনাজাতের তিনটি আয়াত | ৫৮ থেকে ৬৭ পর্যন্ত<br>৭১ থেকে ৭২ পর্যন্ত |
| ৪র্থ অধ্যায় | সম্পূর্ণ | ৮০ থেকে ৯৭ পর্যন্ত |
| ৫ম অধ্যায় | মহানবি হযরত মুহাম্মাদ (সা.)<br>ইমাম আবু হানিফা (রহ.)<br>হযরত আবদুল কাদের জিলানী (রহ.) | ৯৯ থেকে ১০৩ পর্যন্ত<br>১০৫ থেকে ১০৯পর্যন্ত |
| ৬ষ্ঠ অধ্যায় | সম্পূর্ণ | ১১০থেকে ১১৫ পর্যন্ত |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) সামষ্টিক মূল্যায়ন**

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

| **আইটেমের নাম (Item name)** | **প্রশ্নের সংখ্যা** | **মোট নম্বর** | **সময়** |
|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (এমসিকিউ ১৫টি) | ১৫টি | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (এক কথায় উত্তর ১০টি) | ১০টি | ১×১০=১০ | |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (৫টি থেকে ৫টির উত্তর দিতে হবে) | ৫টি | ৫×৫ =২৫ | |

| (ঘ) **প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা** | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | **আইটেমের ধরন** | **প্রশ্নের মান** | **প্রশ্নের সংখ্যা** | **মোট নম্বর** | **প্রত্যাশিত সময়** | **মন্তব্য** |
| ১ | ক. বহুনির্বাচনী প্রশ্ন (জ্ঞান ও বোধগম্যতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১ | ১৫ টি | ১×১৫=১৫ | ১৫ মিনিট | • ১ অথবা ০ পাবে<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ২ | খ. এক কথায় উত্তর (জ্ঞান ও অনুধাবন স্তরের) | ১ | ১০ টি | ১×১০=১০ | ১৫ মিনিট | • জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৩ | গ. সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টি | ৫×৫=২৫ | ৪০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৪ | ঘ. রচনামূলক প্রশ্ন- (সকল দক্ষতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১০ | ৫টি | ১০×৫ | ১১০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জানা বিষয়কে বাস্তব পরিস্থিতিতে প্রয়োগ করতে পারার দক্ষতা (জেনে ও বুঝে প্রয়োগ করতে পারা)<br>• ইসলামের বিধি বিধানকে উপাদানে ভেঙ্গে যোগসূত্র স্থাপন করা (বিশ্লেষণ,সংশ্লেষণ)<br>• নিজের ও সমাজের করণীয় লিখতে পারা (মূল্যায়ন ও সৃজনশীলতা)<br>• প্রতিফলন<br>• সৃজন/প্রণয়নধর্মী<br>• অনুসন্ধানী<br>• চিন্তামূলক<br>• কেন্দ্রচ্যুতিমূলক<br>• কেইস স্টাডি বা বিশ্লেষণ ধরনের প্রশ্ন অন্তর্ভূক্ত থাকবে।<br>• ৮টি প্রশ্নের মধ্যে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। |
| | | | | **১০০** | **৩ ঘন্টা** | |

| | | | |
|---|---|---|---|
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন ও দৃশ্যপটসহ) (৮টি থেকে ৫টির উত্তর দিতে হবে।) | ৫টি<br>(৮টি থেকে) | ১০×৫ =৫০ | |
| মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করতে হবে।

## (ঙ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **এসাইনমেন্ট/ প্রতিবেদন**<br>**নমুনা:** নিয়মিত সালাত আদায়ের ফলে একজন ব্যক্তির নৈতিক চরিত্রের যেসব উন্নয়ন ঘটে তার একটি সুন্দর তালিকা তৈরি কর। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ৩৭) | ১০ |
| **শ্রেণির কাজ**<br>(পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লো চার্ট অংকন) - একটি করে নমুনা সহ<br>**নমুনা: (দলগত কাজ)** আত্মীয়দের সাথে সম্পর্ক উন্নয়নে আমরা কি কি করতে পারি? একটি তালিকা তৈরি করো। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ৮৬) | ১০ |
| **ব্যবহারিক কাজ বা অনুশীলন**<br>সিলেবাসের সূরা তিলাওয়াত/ সালাত, হজ, অযু, তায়াম্মুম অনুশীলন<br><br>**নমুনা:** সূরা আল-ফাতিহা তিলাওয়াত করে শোনাও। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ৫৮) | ১০ |
| মোট | ৩০ |

বি. দ্র: : *(ক) শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

## (চ) নমুনা প্রশ্নপত্র

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবেনা।

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন-২০২৪
বিষয়: ইসলাম শিক্ষা
শ্রেণি: ষষ্ঠ
সময়: ৩ ঘন্টা
পূর্ণমান: ১০০

[প্রতিটি প্রশ্নের মান ডান পাশে দেখানো হয়েছে]

**বিভাগ-ক (বহুনির্বাচনী প্রশ্ন) (১×১৫=১৫)**

নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ

| | | | |
|---|---|---|---|
| ১. | মানুষের মৃত্যু পরবর্তী জীবন সম্পর্কে বিস্তারিত জানা সম্ভব হয়েছে ______। | | **সঠিক উত্তর** (রিসালাতের) |
| | (ক) নবুওয়াতের কল্যাণে | (খ) রিসালাতের কল্যাণে | |
| | (গ) হেদায়েতের কল্যাণে | (ঘ) দাওয়াতের কল্যাণে | |
| ২. | 'জীব মাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে' এটি কোন সূরার কত নং আয়াত? | | (সূরা আলে ইমরান-১৮৫) |
| | (ক) সূরা আল-বাকারা-১২৫ | (খ) সূরা আন-নিসা -১৩৫ | |
| | (গ) সূরা আলে ইমরান-১৮৫ | (ঘ) সূরা আল-আনফাল -১৯৫ | |
| ৩. | পবিত্রতা কত প্রকার? | | (২ প্রকার) |
| | (ক) ২ প্রকার | (খ) ৩ প্রকার | |
| | (গ) ৪ প্রকার | (ঘ) ৫ প্রকার | |
| ৪. | শারীরিক পবিত্রতার মাধ্যমে আমরা ______ প্রশান্তি লাভ করতে পারি। | | (আত্মিক) |
| | (ক) আত্মিক | (খ) দৈহিক | |
| | (গ) আধ্যাত্মিক | (ঘ) মানসিক | |
| ৫. | বিদ্যালয়ের টিফিনের সময় নাদিম তার বন্ধু নাজিমকে সালাতের জন্য ডাকল, কিন্তু নাজিম তাকে অগ্রাহ্য করল। ফলে নাজিম বঞ্চিত হলো ________। | | (আল্লাহর নৈকট্য লাভ থেকে) |
| | (ক) আল্লাহর নৈকট্য লাভ থেকে | (খ) ইমানকে মজবুত করা থেকে | |
| | গ) আত্মাকে পরিশুদ্ধ করা থেকে | ( (ঘ) আল্লাহর রহমত থেকে | |

৬. ‘আস-সাবউল মাছানী’ অর্থ____________। (নিত্য পাঠ্য সাতটি আয়াত)

(ক) নিত্য পাঠ্য পাঁচটি আয়াত (খ) নিত্য পাঠ্য ছয়টি আয়াত
(গ) নিত্য পাঠ্য সাতটি আয়াত (ঘ) নিত্য পাঠ্য আটটি আয়াত

৭. সূরা আল-ফালাকের ‘গাসেকুন’ শব্দের অর্থ_______________। (রাতের অন্ধকার)

(ক) অনিষ্ট (খ) হিংসুক
(গ) রাতের অন্ধকার (ঘ) আচ্ছন্ন

৮. সবচেয়ে উত্তম কে? (চরিত্রবান ব্যক্তি)

(ক) চরিত্রবান ব্যক্তি (খ) ধনী ব্যক্তি
(গ) মহৎ ব্যক্তি (ঘ) জ্ঞানী ব্যক্তি

৯. তাজবিদ অনুযায়ী কুরআন পড়া___________। (ওয়াজিব)

(ক) ওয়াজিব (খ) ফরজ
(গ) সুন্নাত (ঘ) নফল

১০. প্রথম পূর্ণাঙ্গ নাজিলকৃত সূরা_________________। (আল-ফাতিহা)

(ক) আল-ফাতিহা (খ) আল-বাকারা
(গ) আল-আলাক (ঘ) ইয়াসিন

১১. সূরা আন-নাসের আলোচ্য বিষয়_______________। (শয়তানের অনিষ্ট থেকে রক্ষা)

(ক) পাপ থেকে বাঁচার উপায় (খ) শয়তানের অনিষ্ট থকে রক্ষা
(গ) পথভ্রষ্টতা থেকে বাঁচা (ঘ) যাদুমন্ত্র থেকে রক্ষা

১২. রিফা বড়দেরকে সম্মান ও শ্রদ্ধা করে। সে কার আদেশের অনুসরণ করে? (মহানবি (সা.) এর)

(ক) মহানবি (সা.) এর (খ) শিক্ষকের
(গ) বয়োষ্ঠদের (ঘ) মাতাপিতার

১৩. ‘পরস্পর গালমন্দকারী উভয়েই ____________’। (শয়তান)

(ক) মিথ্যাবাদী (খ) কাফির
(গ) শয়তান (ঘ)ফাসিক

১৪. তায়াম্মুমের বিধান সাব্যস্ত হয়েছে___________________। (কুরআনের মাধ্যমে)

(ক) কুরআনের মাধ্যমে (খ) হাদিসের মাধ্যমে
(গ) ইজমার মাধ্যমে (ঘ) কিয়াসের মাধ্যমে

১৫. পবিত্র কাবা শরিফে ‘হাজারে আসওয়াদ’ স্থাপন নিয়ে জটিলতা নিরসনে মহানবি (সা.) পরিচয় দেন ___________________। (উত্তর: গ)

(i) সত্যবাদিতার (ii) বিচক্ষণতার (iii) নিরপেক্ষতার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i , ii ও iii

## বিভাগ-খ (এক কথায় উত্তর) (১০×১=১০)

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

১. আকাইদের বিষয়সমূহে বিশ্বাসের মাধ্যমে __________ প্রবেশ করা হয়। (ইসলামে)
২. ইবাদাত কত প্রকার? (তিন প্রকার)
৩. নিয়মিত সালাত আদায় করলে একজন ব্যক্তির___________উন্নয়ন ঘটে। (নৈতিক চরিত্রের )

৪. ‘নির্ধারিত সময়ে সালাত আদায় করা মুমিনের জন্য অবশ্য কর্তব্য’-এটি কোন সূরার আয়াত? (সূরা আন-নিসা)
৫. কোন ইয়াহুদি তার কন্যার মাধ্যমে মহানবি (সা.) এর ওপর যাদু করেছিল? (লাবিদ ইবনে আসিম)
৬. মাতাপিতার হক আদায় করার পর কাদের হক আদায় করা মুমিন হিসেবে প্রত্যেকের একান্ত কর্তব্য? (আত্মীয়স্বজনের)
৭. সূরা আল-ফালাক এর ‘ফালাক’ শব্দটির অর্থ কী? (ভোর/প্রভাত/উষা/সকাল)
৮. কোনো ফল বিক্রেতা যদি ফল বিক্রয়ের সময় ওজনে কম দেয় কিংবা ফরমালিন মিশিয়ে বিক্রি করে তবে তার কাজটিকে ইসলামের দৃষ্টিতে কী বলা হবে? (প্রতারণা)
৯. মহানবি হযরত মুহাম্মাদ (সা.) কত খ্রিষ্টাব্দে ওহি প্রাপ্ত হন? (৬১০ খ্রিষ্টাব্দে)
১০. মা হালিমার গৃহে থাকাকালে কত বছর বয়সে দুজন ফেরেশতা হযরত মুহাম্মাদ (সা.)-এর বক্ষ বিদীর্ণ করেন? (৩ বছর বয়সে)

## বিভাগ-গ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন) (৫×৫=২৫)

### নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও

| | | |
|---|---|---|
| **১.** | রিসালাত কী? নবি ও রাসুলের মাঝে পার্থক্য কী? (২+৩) | ৫ |
| ২. | তায়াম্মুমের নিয়ম ও ফরযগুলো লেখ। (২+৩) | ৫ |
| ৩. | ব্যক্তি জীবনে সালাতের গুরুত্ব কী? কীভাবে সালাত অশ্লীল ও মন্দ কাজ থেকে বিরত রাখে? (২+৩) | ৫ |
| ৪. | সূরা আল-ফাতিহার অনুবাদ লেখ। | ৫ |
| ৫. | গিবত কী? এটি কেন ঘৃণিত ও জঘন্য কাজ? (২+৩) | ৫ |

## বিভাগ-গ (রচনামূলক প্রশ্ন) ১০×৫=৫০

### যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও

| | | |
|---|---|---|
| ১. | নিয়াজ সাহেব সততার সাথে সঠিকভাবে অফিসের সকল কাজ সম্পন্ন করেন। তিনি বিশ্বাস করেন মহান আল্লাহ তার সব কাজ দেখছেন এবং সকল কাজের হিসাব নিবেন। ইসলামের কোন মৌলিক বিশ্বাস নিয়াজ সাহেবকে সততায় উদ্বুদ্ধ করেছে? কুরআন হাদিসের আলোকে বিশ্লেষণ করো। | ১০ |
| ২. | জীবন বিধান হিসেবে আল-কুরআন থাকা স্বত্বেও হাদিস অনুসরণ অপিরহার্য কেন? সংক্ষেপে লেখ। | ১০ |
| ৩. | পবিত্রতা অর্জনের উপায় হিসেবে ওযুর নিয়মগুলো ধারাবাহিকভাবে বর্ণনা করো। | ১০ |
| ৪. | তোমার জীবনে মাতাপিতার অবদানের একটি তালিকা প্রণয়ন করো। এ অবদানের কৃতজ্ঞতা হিসেবে তাঁদের প্রতি তোমার দায়িত্ব কর্তব্য ইসলামের আলোকে তুলে ধরো। | ১০ |
| ৫. | প্রতারণামুক্ত সমাজ গঠনে তুমি ও তোমার বন্ধুরা মিলে কি কি পদক্ষেপ গ্রহণ করতে পারো কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করো। | ১০ |
| ৬. | তোমার পাঠ্যপুস্তকে আল্লাহ তা’আলার তাওহিদ বা একত্ববাদের কথা যে সূরায় বর্ণিত হয়েছে তার অনুবাদ ও ব্যাখ্যা লেখ। (৫+৫=১০) | ১০ |

৭. তোমার এলাকার কিছু সমস্যা চিহ্নিত করো। তোমার বন্ধুদের সাথে নিয়ে এ সমস্যাগুলোর সমাধানে মহানবি (সা.)-এর শান্তি সংঘ ‘হিলফুল ফুযুল’ এর শিক্ষাকে কীভাবে কাজে লাগাতে পারো। (৩+৭) ১০

৮. হযরত মুহাম্মাদ (সা.) সমগ্র বিশ্ববাসীর প্রতি রহমতস্বরূপ-এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ১০

**(ছ) মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

শ্রেণি: ৬ষ্ঠ
বিষয়: ইসলাম শিক্ষা

প্রশ্ন ৫. প্রতারণামুক্ত সমাজ গঠনে তুমি ও তোমার বন্ধুরা মিলে কি কি পদক্ষেপ গ্রহণ করতে পারো কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করো।

| মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | | | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| নির্দেশক | | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | | | |
| | | ৪ | ৩ | ২ | ১ | ০ | | |
| ক | প্রতারণার পরিচয় | | - | যথাযথভাবে প্রতারণার পরিচয় লিখতে পারলে | আংশিকভাবে প্রতারণার পরিচয় লিখতে পারলে | | ২ | |
| খ | কী কী কাজে প্রতারণা হয় | - | - | যথাযথভাবে লিখতে পারলে | আংশিকভাবে লিখতে পারলে | | ২ | |
| গ | সমাজে প্রতারণার প্রভাব | - | - | যথাযথভাবে উপস্থাপন করতে পারলে | আংশিকভাবে উপস্থাপন করতে পারলে | | ২ | |
| ঘ | প্রতারণামুক্ত সমাজ গঠনে যে যে পদক্ষেপ নেয়া যায় | কুরআন/ হাদিস-এর বাণীসহ পদক্ষেপগুলো যথাযথভাবে উপস্থাপন করতে পারলে | কুরআন/ হাদিস-এর বাণী ছাড়া পদক্ষেপগুলো বিস্তারিত উপস্থাপন করতে পারলে | শুধু পদক্ষেপগুলো উপস্থাপন করতে পারলে | আংশিকভাবে উপস্থাপন করতে পারলে | | ৪ | |
| | | | | | | মোট | ১০ | |

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: জীবন ও জীবিকা

## শ্রেণি: ষষ্ঠ

**(ক) প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে লক্ষণীয়**

- বার্ষিক মূল্যায়নের জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে; প্রতিটি অভিজ্ঞতা থেকে প্রশ্ন থাকতে হবে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টন ও ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে।
- **বহুনির্বাচনি প্রশ্নের ক্ষেত্রে** সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা। এমন প্রশ্ন করতে হবে যেন উত্তর দেওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে চিন্তা করতে হয়। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না।
- কোনো প্রশ্নে **'না' বোধক উত্তর চাওয়া হলে** সেটির ক্ষেত্রে উল্লিখিত শব্দটি গাঢ় (বোল্ড) এবং নিচে দাগ (আন্ডারলাইন) করে দিতে হবে, যাতে শিক্ষার্থীর নজর এড়িয়ে না যায় (যেমন, কোনটি **পরিত্যাজ্য,** কোনটি **নয়**, ইত্যাদি ক্ষেত্রে)
- **এক কথায় উত্তরের ক্ষেত্রে** প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে)।
- **সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও** লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন প্রশ্ন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন- ... ... ... কী, উদাহরণ দাও, ইত্যাদি)।
- দুই ধরনের রচনামূলক প্রশ্ন করতে হবে- দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপটনির্ভর। **দৃশ্যপটবিহীন প্রশ্নগুলো** এমনভাবে করতে হবে যেন পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে।
- **দৃশ্যপটনির্ভর প্রশ্ন** করতে হবে- শিক্ষার্থী ইতোপূর্বে পাঠ্যপুস্তকে সন্নিবেশিত যেসব অভিজ্ঞতা সম্পন্ন করেছে, তার আলোকে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কার্যক্রমের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, সম্পূর্ণ নতুন পরিস্থিতি বা ভিন্নধর্মী প্রেক্ষিত হতে হবে।

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | আগামীর স্বপ্ন | ৪৪-৫৮ |
| ০২ | আর্থিক ভাবনা | ৫৯-৭৮ |
| ০৩ | আমার জীবন আমার লক্ষ্য | ৭৯-৯৬ |
| ০৪ | দশে মিলি করি কাজ | ৯৭-১১২ |
| ০৫ | স্কিল কোর্স ২; চারা রোপণ ও তার পরিচর্চা | ১১৩-১৩২ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## (ঘ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ | নির্দেশনা |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical)<br>**নমুনা:**<br>• অ্যাসাইনমেন্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫৬, ৭২, ১০৮, ১১০ তে দেওয়া একক কাজ<br>• ব্যাবহারিক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১০৫, ১০৬, ১০৭ তে দেওয়া কাজ | ১০ | শিক্ষক প্রতিটি ক্যাটাগরিতে উল্লিখিত নমুনা কাজগুলো থেকে এক বা একাধিক কাজ শিখনকালীন মূল্যায়নের জন্য বেছে নিতে পারেন। অথবা নিজেদের সুযোগ সুবিধা অনুযায়ী সবকটি কাজও সম্পন্ন করতে পারেন। তবে সেক্ষেত্রে ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত সবগুলো কাজের গড় নম্বরকে ৩০ নম্বরের মধ্যে উল্লেখ করা যেতে পারে। |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (inquisitive work, project proposal, report presentation)<br>**নমুনা:**<br>• প্রকল্প/প্রজেক্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৭৩ তে দেওয়া কাজ<br>• অনুসন্ধানমূলক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৬৩, ৮৮ তে দেওয়া একক কাজ<br>• প্রতিবেদন উপস্থাপন পৃষ্ঠা ১৪৩ তে দেওয়া কাজ | ১০ | |
| শ্রেণির কাজ<br>• পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন ইত্যাদি | ১০ | |

## (ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| বিভাগ | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতি প্রশ্নে নম্বর | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ক | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ টি | ১৫ টি | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর প্রশ্ন | ১০ টি | ১০ টি | ১ | ১×১০=১০ | |
| খ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ টি | ১০ টি | ২ | ২×১০=২০ | |
| গ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ টি | ৩ টি | ৫ | ৫×৩=১৫ | |
| ঘ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ টি | ৫ টি | (৪+৪)=৮ | ৮×৫=৪০ | |
| | | | | | মোট | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।**

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

বিষয়: জীবন ও জীবিকা

শ্রেণি: ষষ্ঠ

পূর্ণমান: ১০০ ; সময়: ৩ ঘন্টা

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক

বহু নির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লিখ (১-১৫ পর্যন্ত)। **১×১৫=১৫**

১। কোনো কাজের মাধ্যমে অর্থ উপার্জন করাকে আমরা কী বলে থাকি?

(ক) আয় (খ) ব্যয়
(গ) সঞ্চয় (ঘ) মিতব্যয়ীতা

২। নিচের কোনটি শিক্ষার্থীর আয়ের উৎস?

(ক) বেড়াতে যাওয়া (খ) উপহারের টাকা
(গ) খাবার ক্রয় (ঘ) উপহার ক্রয়

৩। লিখিত যোগাযোগ মাধ্যম কোনটি?

(ক) টেলিফোন (খ) চোখের ইশারা
(গ) ম্যাগাজিন (ঘ) রেডিও

৪। যোগাযোগ প্রক্রিয়ায় প্রয়োজন হয়-

(ক) প্রেরক (খ) গ্রাহক
(গ) মাধ্যম (ঘ) সবগুলো

৫। নিচের কোনটি সঞ্চয়ের সূত্র?

(ক) সঞ্চয় = আয়- ব্যয় (খ) সঞ্চয় = আয়+ব্যয়
(গ) সঞ্চয় = ব্যয়-আয় (ঘ) আয় >ব্যয়

৬। আর্থিক ডায়েরিতে কি থাকে না?

(ক) আয় (খ) ব্যয়
(গ) পরিকল্পনা (ঘ) উদ্বৃত্ত

৭। নিচের কোন কাজটি বিলাসিতা?

(ক) প্রয়োজনীয় খাতা-পেন্সিল কেনা (খ) টিফিন ক্রয়
(গ) পড়ার বই কেনা (ঘ) পারফিউম ক্রয়

৮। কোন খাতে ইকো ট্যুরিজম বিপুল সম্ভাবনা রয়েছে?

(ক) সেবা খাতে (খ) পর্যটন খাতে

(গ) সমুদ্র খাতে (ঘ) শিল্প খাতে

৯। কার্যকর তথ্য প্রাপ্তির জন্য প্রাপককে শুরুতেই কী করতে হবে?

(ক) প্রশ্ন করতে হবে (খ) মনোযোগ দিয়ে শুনতে হবে

(গ) সমালোচনা করতে হবে (ঘ) আত্মবিশ্বাস নিয়ে কথা বলতে হবে

১০। নিচের কোনটি লক্ষ্য নির্বাচনে বিবেচনা করা আবশ্যক নয়?

(ক) সুনির্দিষ্ট কিনা (খ) অর্জনযোগ্য কিনা

(গ) লাভজনক নয় (ঘ) সময়ের মধ্যে পূরণ হবে কিনা

১১। চালকবিহীন গাড়ি আবিষ্কারের ফলে-

(ক) বেকারত্ব কমবে (খ) বেকারত্ব বাড়বে

(গ) মানুষ আরো বাঁচবে (ঘ) নতুন প্রশিক্ষণ কেন্দ্র চালু

১২। ভয়েস টেকনোলজির কাজ **নয়** কোনটি?

(ক) মানুষের আদেশে যোগাযোগ করতে পারবে

(খ) প্রযুক্তি ব্যবহারকারীর কণ্ঠস্বর চিনতে পারবে

(গ) ফোনকে বিভিন্ন কাজ করতে নির্দেশ দিতে পারবে

(ঘ) ফোন ব্যবহারকারীর নিরাপত্তা নিশ্চিত করতে পারবে

১৩। থ্রিডি প্রিন্টার হলো-

(ক) ত্রিমাত্রিক মডেল তৈরির প্রযুক্তি (খ) ভয়েস রিকগনিশন প্রযুক্তি

(গ) ব্যক্তির উপস্থিতি চিহ্নিত করার প্রযুক্তি (ঘ) কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি

১৪। লক্ষ্য নির্ধারনের ক্ষেত্রে প্রযোজ্য **নয়** কোনটি?

(ক) লক্ষ্য সুনির্দিষ্ট হবে (খ) বিকল্প লক্ষ্য নির্ধারণ করতে হবে

(গ) লক্ষ্য অর্জনযোগ্য হবে (ঘ) সময়াবদ্ধ হবে

১৫। পরিকল্পনা হলো-

(ক) কাজের নকশা (খ) কাজের নির্দেশনা

(গ) কাজের নিয়ন্ত্রণ (ঘ) কাজের সমন্বয়

এক কথায় উত্তর প্রশ্ন: প্রতিটি প্রশ্নের উত্তর দাও। ১×১০=১০

১৬। কোন ধরনের কার্ড ব্যবহার করে যেকোনো স্থান থেকে ব্যাংকে জমানো টাকা তোলা যায়?

১৭। কম্পোষ্ট কোন ধরনের সার?

১৮। চ্যারিটি ফাউন্ডেশন কী ধরনের প্রতিষ্ঠান?

১৯। চারা রোপণ করার জন্য উপযুক্ত মাটি কোনটি?

২০। একজন শিক্ষার্থী সর্বনিম্ন কত টাকা জমা করে ব্যাংকে সঞ্চয় হিসাব খুলতে পারবে?
২১। কাকেইবো এর অর্থ কী?
২২। ILO এর নীতিমালা অনুসারে শ্রমিকের দৈনিক শ্রমঘন্টা কত?
২৩। মৌসুমী ফুলের জন্য কি ধরনের টব নির্বাচন করতে হয়?
২৪। পাত্র/টবের মাটিতে প্রতিমাসে কয়বার সার দিতে হয়?
২৫। জমানো টাকা কোথায় রাখা অধিক নিরাপদ?

## খ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ২। **২×১০=২০**

১) সঞ্চয় বলতে কী বুঝ? উদাহরণ দাও।

২) স্কুল ব্যাংকিং হিসাবের ৪ টি সুবিধা লিখ।

৩) আর্থিক পরিকল্পনা বলতে কী বুঝ?

৪) কার্যকর যোগাযোগের ৪ টি উপায় লিখ।

৫) স্কুল ব্যাকিং এর হিসাব খোলার ফরমে কত জন স্বাক্ষর করেন এবং কে কে?

৬) দীর্ঘমেয়াদি পরিকল্পনা বলতে কী বুঝায়?

৭) মঙ্গল এক্সপ্রেস কী?

৮) যোগাযোগ দক্ষতা বলতে কী বুঝ?

৯) বায়োমেট্রিক প্রযুক্তি কী?

১০) পরিকল্পনা বলতে কী বুঝ?

## গ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

নিচের প্রশ্নগুলো থেকে যেকোনো ৩ টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ৫। **৫×৩=১৫**

১। ‘সঞ্চয় আমাদের বিপদের বন্ধু’ এই উক্তিটির মাধ্যমে সঞ্চয়ের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

২। কার্যকর যোগাযোগের বলতে কী বুঝ? এর উপায়গুলো বর্ণনা করো।

৩। তোমার পছন্দ বা শখ অনুযায়ী কোনো কিছু কেনার জন্য একটি আর্থিক পরিকল্পনা প্রণয়ন করো ।

৪। … … …

৫। … … …

## ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

দৃশ্যপটের আলোকে সন্নিবেশিত প্রশ্নগুলোর যেকোনো ৫টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নে দুটি করে অংশ রয়েছে। প্রতি প্রশ্নের মান (৪+৪)=৮ । ৮(৪+৪))×৫=৪০

১। মনে করো, এখন বর্ষাকাল। তোমার বাড়িতে আলো বাতাসপূর্ণ একটি আঙ্গিনা রয়েছে। উক্ত আঙ্গিনায় তুমি একটি চারাগাছ রোপন করতে চাও। সেক্ষেত্রে তোমাকে অনেকগুলো কাজ সম্পাদন করতে হবে, যাতে উক্ত চারাগুলো সুষ্ঠু পরিচর্যার মাধ্যমে সুন্দরভাবে টিকে থাকে এবং বেড়ে উঠে।

(ক) চারা নির্বাচনের ক্ষেত্রে তুমি কোন কোন বিষয়গুলো বিবেচনায় রাখবে, তা বর্ণনা করো।
(খ) চারা রোপনের জন্য তুমি কীভাবে মাটি অথবা টব প্রস্তুত করবে, তা ধারাবাহিকভাবে বর্ণনা করো ।

২। ধরে নাও, তোমাদের প্রতিষ্ঠানে বেশ কিছু সমস্যা খুঁজে পেয়েছে। যেমন, নিজেদের শ্রেণিকক্ষে নিরাপদ পানি পান করার ব্যবস্থা নেই, একক বা দলগত কাজ উপস্থাপনের জন্য পোস্টার বা অন্য কিছু ডিসপ্লে ব্যবস্থা নেই, শ্রেণিতে অধিকাংশ শিক্ষার্থী দুর্বল হওয়ায় পড়াশোনায় পিছিয়ে থাকে। এই সমস্যাগুলো তোমাদের নিয়মিত শ্রেণি কার্যক্রমকে নানাভাবে ব্যাহত করছে।

(ক) উল্লিখিত সমস্যাগুলো থেকে সমাধানের জন্য যেকোনো একটি সমস্যা বেছে নাও এবং কেন সেটি বেছে নিয়েছ, তা ব্যাখ্যা করো।
(খ) উক্ত সমস্যা সমাধানে জন্য কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে, তা ধারাবাহিকভাবে উল্লেখ করো।

৩। একটি ক্যামেরা ক্রয় করার শখ তোমার অনেক দিনের। তোমার ইচ্ছা তুমি ভবিষ্যতে ফটোগ্রাফার হবে। একটি সাধারণ মানের একটি ক্যামেরার দাম ১৫০০০ টাকা। তোমার কাছে জমানো আছে ৩০০০ টাকা। যা তুমি জমিয়েছো টিফিনের টাকা, রিকশা ভাড়া, বিভিন্ন উৎসবে পাওয়া সেলামী থেকে। অবশিষ্ট টাকা সংগ্রহ করা প্রয়োজন।

(ক) ক্যামেরাটি ক্রয় করার জন্য আর্থিক পরিকল্পনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

(খ) ক্যামেরাটি ক্রয় করার জন্য তোমার আর্থিক পরিকল্পনার ধাপগুলো একটি ফ্লোচার্ট এঁকে বর্ণনা করো।

৪। তুমি একজন মানবিক ডাক্তার হতে চাও। দেশের দরিদ্র মানুষের সেবায় নিজের মেধা ও মননকে কাজে লাগাতে চাও। তোমার এই স্বপ্ন পূরণে আছে অদম্য আগ্রহ । তোমার এই লক্ষ্য পূরণে বিভিন্ন মেয়াদি পরিকল্পনা থাকা প্রয়োজন।

(ক) তোমার জীবনের লক্ষ্য পূরণে তুমি কী কী করতে চাও তা আলোচনা করো।
(খ) তোমার লক্ষ্য পূরণের জন্য একটি দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি, স্বল্পমেয়াদি পরিকণ্পনা প্রণয়ন করো।

৫। দীর্ঘ ছুটির পর রফিকদের বিদ্যালয়ে এসে তারা দেখতে পায় পুরো বিদ্যালয়টি প্রচুর ময়লা আবর্জনায় ভর্তি এবং ফুলের বাগানটি আগাছায় ভরে গেছে। এ অবস্থা দেখে শিক্ষার্থীরা সিদ্ধান্ত নিল বিদ্যালয়ের চারপাশ, আঙ্গিনা এবং বাগানটি পরিষ্কার করবে।

(ক) কাজটি করার জন্য রফিকরা সম্ভাব্য কী পরিকল্পনা গ্রহণ করতে পারে, উক্ত প্রেক্ষাপটের আলোকে পরামর্শ দাও।

(খ) উক্ত কাজটি করার মধ্য দিয়ে শিক্ষার্থীদের মধ্যে কোন দক্ষতাটি অর্জিত হয়েছে? এই দক্ষতা ভবিষ্যতে তাদের কী কাজে আসতে পারে, ব্যাখ্যা করো।

৬। ... ... ...

৭। ... ... ...

(ছ) নমুনা প্রশ্নের আলোকে উত্তর

**বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) এর উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ০১ | ক | ০৬ | গ | ১১ | খ |
| ০২ | খ | ০৭ | ঘ | ১২ | ঘ |
| ০৩ | গ | ০৮ | খ | ১৩ | ক |
| ০৪ | ঘ | ০৯ | খ | ১৪ | খ |
| ০৫ | ক | ১০ | গ | ১৫ | ক |

**এক কথায় প্রশ্নের উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|
| ১৬ | এটিএম কার্ড | ২১ | পারিবারিক আর্থিক খতিয়ান |
| ১৭ | জৈব সার | ২২ | ৪ ঘন্টা |
| ১৮ | দাতব্য প্রতিষ্ঠান | ২৩ | মাঝারি আকৃতির |
| ১৯ | দোআঁশ মাটি | ২৪ | 2/3 বার |
| ২০ | ১০০ টাকা | ২৫ | ব্যাংকে |

দৃশ্যপটনির্ভর প্রশ্নের নম্বর প্রদানের নমুনা রুব্রিক্স

| প্রশ্ন | উত্তরের নম্বর | নম্বর প্রদানের রুব্রিক্স |
|---|---|---|
| ৪। (ক) তোমার জীবনের লক্ষ্য পূরণের জন্য একটি দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি এবং স্বল্প মেয়াদি পরিকল্পনা প্রণয়ন করো। | ৪ | প্রশ্নে উল্লেখিত ৩ টি মেয়াদের পরিকল্পনা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদান করতে পারলে |
| | ৩ | যেকোনো ২ টি মেয়াদের পরিকল্পনা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদান করতে পারলে |
| | ২ | যেকোনো ১ টি মেয়াদের পরিকল্পনা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদান করতে পারলে |
| | ১ | পরিকল্পনার ধারণা প্রদান করতে পারলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের সঠিক উত্তর না লিখতে পারলে এবং অপ্রাসঙ্গিক বা ভুল উত্তর লিখলে |

## ২০২৪ সালের বার্ষিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

### বিষয়: গণিত
### শ্রেণি: ষষ্ঠ

### ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস

| অভিজ্ঞতার ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ৫ | ঐকিক নিয়ম, শতকরা এবং অনুপাত | ১০৩ — ১৩৭ |
| ৬ | দৈর্ঘ্য মাপি | ১৩৮ — ১৪৮ |
| ৭ | বীজগাণিতিক রাশির জগৎ | ১৪৯ — ১৬৭ |
| ৮ | সরল সমীকরণ | ১৬৮ — ১৭৫ |
| ১০ | জ্যামিতিক আকৃতির গল্প | ১৯০ — ২২১ |
| ১১ | তথ্য অনুসন্ধান ও বিশ্লেষণ | ২২২ — ২৩৪ |

### খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## গ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| আইটেমের নাম (Item Name) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical Work)** | ১০ |

**নমুনা প্রশ্ন:**

অভিভাবকের সহায়তা নিয়ে তুমি গত ছয় মাসে তোমার পরিবারের বাজার খরচ, লেখাপড়ার খরচ, যাতায়াত খরচ, চিকিৎসা খরচ ও অন্যান্য খরচ সংক্রান্ত নিচের তালিকাটি পূরণ করো। বিগত ছয় মাসের গড় মাসিক খরচের ১০% পরবর্তী মাস থেকে সঞ্চয় করতে হলে, মাসিক খরচের বিভিন্ন খাতের মধ্যে কীভাবে সমন্বয় করতে হবে তার একটি পরিকল্পনায় তৈরি করবে।

| শিক্ষার্থীর বাসার খরচের খাত | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন |
|---|---|---|---|---|---|---|
| বাজার খরচ | | | | | | |
| লেখাপড়ার খরচ | | | | | | |
| যাতায়াত খরচ | | | | | | |
| চিকিৎসার খরচ | | | | | | |
| অন্যান্য খরচ | | | | | | |
| মোট = | | | | | | |

**তালিকা ব্যবহার করে শিক্ষার্থী নিচের প্রশ্নগুলোর উত্তর করবে।**

ক) তালিকা থেকে গড় বাজার খরচ নির্ণয় করো।

খ) বিগত ছয় মাসের চিকিৎসা খরচের মধ্যক নির্ণয় করো।

গ) তৈরিকৃত তালিকায় কোন খাতে প্রচুরক আছে তা নির্ণয় করো।

ঘ) তালিকায় খরচের প্রতিটি খাতের জন্য একটি করে মোট পাঁচটি রেখাচিত্র অঙ্কন করো।

| আইটেমের নাম (Item Name) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অনুসন্ধানমূলক কাজ (Inventory Work)**<br>**নমুনা প্রশ্ন:**<br>স্কেলের সাহায্যে ৬ষ্ঠ শ্রেণির গণিত বইয়ের দৈর্ঘ্য ও প্রস্থ মেপে বের করো এবং এদের মধ্যকার অনুপাত নির্ণয় করো। | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>**একক কাজ:** প্রত্যেক শিক্ষার্থী কমপক্ষে পাঁচটি করে এক চলকবিশিষ্ট সরল সমীকরণ লিখবে। শিক্ষার্থীর লেখা সমীকরণগুলো কেন সরল সমীকরণ তার যৌক্তিক ব্যাখ্যা প্রদান করবে। | ১০ |
| **মোট =** | ৩০ |

## ঘ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**অভীক্ষার ধরন: লিখিত** **পূর্ণনম্বর: ১০০** **সময়: ০৩ ঘন্টা**

<table>
<tr><th>ক্রম</th><th colspan="2">আইটেমের নাম</th><th>প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা</th><th>উত্তর দিতে হবে</th><th>মোট নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">নৈর্ব্যক্তিক প্রশ্ন</td><td>বহুনির্বাচনী প্রশ্ন</td><td>১৫টি</td><td>১৫টি</td><td>১×১৫ = ১৫</td><td rowspan="4">০৩ ঘন্টা</td></tr>
<tr><td>এক কথায় উত্তর</td><td>১০টি</td><td>১০টি</td><td>১×১০ = ১০</td></tr>
<tr><td>২</td><td colspan="2">সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন</td><td>১৩টি</td><td>১৩টি</td><td>২×১৩ = ২৬</td></tr>
<tr><td>৩</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br><br>দৃশ্যপটনির্ভর প্রশ্নের মধ্যে দুইটি বা তিনটি অংশ থাকতে পারে। সেক্ষেত্রে নম্বর বিভাজন ৩+৪, ১+২+৪, ১+৩+৩, ২+২+৩ হতে পারে।</td><td>১০টি</td><td>৭টি</td><td>৭×৭ = ৪৯</td></tr>
<tr><td colspan="5" align="right">মোট =</td><td>১০০</td><td></td></tr>
</table>

## ঙ) কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন । কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

**বিষয়: গণিত**

**শ্রেণি: ৬ষ্ঠ**

পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা

## ক বিভাগ (১×২৫ = ২৫)

[সঠিক উত্তরটি খাতায় লিখ]

১। কোনো পরীক্ষায় একজন শিক্ষার্থী মোট ৬০০ নম্বরের মধ্যে ৫১০ নম্বর পেল। সে শতকরা কত নম্বর পেল?
ক) ৯০% খ) ৮৫% গ) ৮০% ঘ) ৭৫%

২। ৮ কেজি চালের দাম ৪৮০ টাকা হলে, ২০ কেজি চালের দাম কত?
ক) ১২০০ টাকা খ) ১২৬০ টাকা গ) ১৩০০ টাকা ঘ) ১৩৬০ টাকা

৩। ৭টি পেন্সিলের মূল্য ৩৫ টাকা এবং ৫টি কলমের মূল্য ৫০ টাকা। এক ডজন পেন্সিল ও এক ডজন কলম কিনতে কত টাকা লাগবে?
ক) ১৪০ টাকা খ) ১৬০ টাকা গ) ১৮০ টাকা ঘ) ২০০ টাকা

৪। ১০০ ডেসিমিটারে কত মিটার?
ক) ১ মিটার খ) ১০ মিটার গ) ২০ মিটার ঘ) ২৫ মিটার

৫। নিচের কোনটি বৃটিশ পদ্ধতিতে দৈর্ঘ্য পরিমাপের একক?
ক) মিটার খ) ডেসিমিটার গ) হাত ঘ) ইঞ্চি

৬। $5a + 3b \div 2 - 4c$ রাশিটিতে $b$ এর সহগ কত?
ক) $2$ খ) $3$ গ) $\frac{3}{2}$ ঘ) $\frac{2}{3}$

৭। সামিহা তার ভাইয়ের জন্য চারটি এবং $x$ সংখ্যক বন্ধুদের প্রত্যেকের জন্য দুইটি করে চকলেট কিনেছে। সে মোট কতটি চকলেট কিনেছে?
ক) $2x + 4$ টি খ) $2x - 4$ টি গ) $4x + 2$ টি ঘ) $4x - 2$ টি

৮। একটি ডিমের মূল্য $x$ টাকা এবং এক হালি কলার মূল্য $30$ টাকা। এক ডজন ডিমের মূল্য ও এক হালি কলার মূল্য একত্রে $174$ টাকা হলে, $x$ এর মান কত?
ক) $12$ খ) $13$ গ) $14$ ঘ) $15$

৯। $\frac{3}{2}x + 9 = 15$ সমীকরণটি সমাধান করলে $x$ এর মান কত হবে?
ক) $2$ খ) $3$ গ) $4$ ঘ) $5$

১০। আয়তাকৃতি একটি পুকুরের প্রস্থ $x$ মিটার এবং প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য $10$ মিটার বেশি। পুকুরটির পরিসীমা $100$ মিটার হলে এর দৈর্ঘ্য কত মিটার?
ক) $60$ মিটার খ) $50$ মিটার গ) $40$ মিটার ঘ) $30$ মিটার

১১। দুইটি তল পরস্পর ছেদ করলে কী উৎপন্ন হয়?
ক) বিন্দু খ) রেখা গ) সমতল ঘ) রশ্মি

১২। একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ১৫ একক এবং একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১৮ একক ও প্রস্থ ১০ একক। এদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক) ৫ : ৬ খ) ৬ : ৫ গ) ৪ : ৫ ঘ) ৫ : ৪

১৩। দশজন শ্রমিকের দৈনিক মজুরী ৪৫০, ৫৫০, ৫০০, ৪৫০, ৬০০, ৫৫০, ৪০০, ৫৫০, ৬৫০, ৫০০ । উপাত্তগুলোর প্রচুরক কত?

ক) ৪০০ খ) ৪৫০ গ) ৫৫০ ঘ) ৬৫০

১৪। পাঁচজন শিক্ষার্থীর ওজন (কেজিতে): ৩৯, ৩৩, ৩৫, ৩৮, ৩২ । উপাত্তগুলো মধ্যক কত?

ক) ৩২ খ) ৩৩ গ) ৩৫ ঘ) ৩৮

১৫। ১৭, ২৯, ২৫, ০, ৪৯ উপাত্তগুলোর গড় কত?

ক) ২৪ খ) ২৫ গ) ২৯ ঘ) ৩০

**এক কথায় উত্তর দাও।**

১৬। রনি ও সিয়ামের ওজন যথাক্রমে ৪০ কেজি ও ৩৬ কেজি । তাদের ওজনের অনুপাত কত?

১৭। ১ হাত = কত ইঞ্চি?

১৮। একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য তিনগুণ বৃদ্ধি পেলে এর ক্ষেত্রফল কত গুণ বৃদ্ধি পাবে?

১৯। $x$ ও $y$ এর যোগফলের সাথে $z$ এর তিনগুণ বিয়োগ করলে প্রাপ্ত বীজগাণিতিক রাশিটি লিখ।

২০। $5x - 2y \times k + 7z \div 3$ বীজগাণিতিক রাশিটিতে কতটি পদ আছে?

২১। $x$ এর কোন মানের জন্য $4x - 5 = 2x + 7$ সমীকরণটি সঠিক হবে?

২২। কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের একটি $55^{\circ}$ হলে, অপরটি কত?

২৩। তোমার গণিত বইয়ের কয়টি তল আছে?

২৪। ট্যালি ব্যবহার করে কী হিসেব করা হয়?

২৫। প্রদত্ত উপাত্তগুলোর মধ্যে যে উপাত্ত বা উপাত্তগুলো সবচেয়ে বেশি বার থাকে তাকে কী বলে?

## খ- বিভাগ

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। (২×১৩=২৬)

ক) একটি স্কুলে ৩৫০ জন ছাত্র এবং ৩০০ জন ছাত্রী আছে। ছাত্রীদের সংখ্যা মোট শিক্ষার্থী সংখ্যার শতকরা কত ভাগ

খ) ৮ জন লোক ৩০ দিনে একটি কাজ সম্পন্ন করতে পারে। ১২ জন লোক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

গ) সানির উচ্চতা ৫০ ইঞ্চি এবং অনিকের উচ্চতা ১২০ সেমি। কার উচ্চতা বেশি?

ঘ) স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দীর্ঘ লাফে হাসান ও কিরণের অতিক্রান্ত দূরত্ব যথাক্রমে ৪.৫ মিটার ও ৪৪৯ সেমি। দুজনের মধ্যে কে জয়ী হবে?

ঙ) একটি খাতার মূল্য $x$ টাকা ও একটি কলমের মূল্য $y$ টাকা হলে, 4টি খাতা ও 6টি কলমের মোট মূল্যকে বীজগাণিতিক রাশির মাধ্যমে প্রকাশ করো।


চ) পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৪ : ১। পিতার বয়স ৪০ বছর হলে, পুত্রের বয়স কত?

ছ) দুইটি ক্রমিক পূর্ণসংখ্যার যোগফল 45। ছোট সংখ্যাটি $y$ হলে, প্রদত্ত তথ্যকে সমীকরণের মাধ্যমে প্রকাশ করো।


জ) একটি সংখ্যা $x$ । সংখ্যাটির দ্বিগুণের সাথে 5 যোগ করলে যোগফল সংখ্যাটির তিনগুণ হয়। সমস্যাটি এক চলকবিশিষ্ট সরল সমীকরণের মাধ্যমে প্রকাশ করে সংখ্যাটি নির্ণয় করো।

ঝ) দুইটি ঘনকাকৃতি বাক্সের মধ্যে ছোটো বাক্সটির উচ্চতা ২ একক এবং বড়ো বাক্সটির উচ্চতা ৬ একক। বড়ো বাক্সটিতে কতটি ছোট বাক্স রাখা যাবে?

ঞ) চিত্রে প্রদর্শিত আয়তাকৃতি বোর্ডটির পরিসীমা নির্ণয় করো।




ট) নিচের চিত্রটি লক্ষ করো:




চিত্রে ABC সমদ্বিবাহু ত্রিভুজ। D, BC বাহুর মধ্যবিন্দু। BD = 6 একক এবং ABC ত্রিভুজের ক্ষেত্রফল 48 বর্গ একক হলে, AD লম্বের দৈর্ঘ্য কত?

ঠ) ৬০ থেকে ছোট মৌলিক সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় করো।

ড) একটি টি২০ ম্যাচে বাংলাদেশ ক্রিকেট দলের ওভার প্রতি সংগৃহীত রান নিচের সারণিতে দেয়া হলো:

| ওভার | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ |
|---|---|---|---|---|---|---|
| রান | ৬ | ১২ | ১০ | ৩ | ৭ | ১৫ |

উপাত্তগুলোর সাহায্যে একটি রেখাচিত্র অঙ্কন করো।

**দৃশ্যপটনির্ভর প্রশ্ন (১০টি থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। নমুনা হিসেবে ৭টি প্রশ্ন দেয়া হলো)** ৭×৭ = ৪৯

২। একটি টেবিলের দৈর্ঘ্য ৫ ফুট ৬ ইঞ্চি এবং প্রস্থ ৪ ফুট।

ক) টেবিলটির প্রস্থকে সেমি এককে প্রকাশ করো। ২

খ) টেবিলটির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত নির্ণয় করো। ২

গ) টেবিলটির প্রস্থের চেয়ে দৈর্ঘ্য শতকরা কত ভাগ বেশি তা নির্ণয় করো। ৩

৩। একজন ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{1}{4}$ অংশ নিজের জন্য এবং $\frac{1}{8}$ অংশ তার স্ত্রীর জন্য রেখে অবশিষ্ট অংশ দুই সন্তানের মধ্যে সমানভাবে ভাগ করে দিলেন। উক্ত ব্যক্তি এবং তার স্ত্রীর সম্পত্তির মোট মূল্য 6,00,000 টাকা।

ক) প্রত্যেক সন্তান সম্পত্তির কত অংশ পেল? ৩

খ) উক্ত ব্যক্তির স্ত্রী ও এক সন্তানের প্রাপ্ত সম্পত্তির মুল্যের পার্থক্য কত টাকা হবে তা নির্ণয় করো। ৪

৪। 'ক' স্কুলের খেলার মাঠের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 30 মিটার বেশি। 'খ' স্কুলের খেলার মাঠের দৈর্ঘ্য, 'ক' স্কুলের খেলার মাঠের প্রস্থের দ্বিগুণ। উভয় মাঠের পরিসীমা 140 মিটার।

ক) 'ক' স্কুলের খেলার মাঠের প্রস্থ $x$ মিটার হলে, এর দৈর্ঘ্য নির্ণয় করো। ৩

খ) কোন স্কুলের মাঠের ক্ষেত্রফল বেশি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৫। শাওন একটি দোকান থেকে প্রতিটি কলমের দাম $x$ টাকা হিসেবে এক ডজন কলম কিনলো। দোকানদারকে সে 100 টাকার একটি নোট দেয়ার পর দোকানদার তাকে 28 টাকা ফেরত দিলো। সে অন্য একটি দোকান থেকে প্রতিটি 30 টাকা দামের $y$টি খাতা ক্রয়ের জন্য দোকানদারকে 200 টাকার একটি নোট দেয়ার পর দোকানদার তাকে 50 টাকা ফেরত দিলো।

ক) প্রতিটি কলমের ক্রয়মূল্য নির্ণয় করো। ৩


খ) শাওনের ক্রয়কৃত খাতার সংখ্যা এবং খাতা ও কলম ক্রয়বাবদ মোট খরচ নির্ণয় করো। ৪

৬। একটি আয়তাকার গিফট বাক্সের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ৩০ সেমি, ২০ সেমি ও ১০ সেমি।

ক) গিফট বাক্সের আয়তন নির্ণয় করো। ৩

খ) বাক্সটি রঙ্গিন কাগজ দিয়ে মোড়াতে কমপক্ষে কী পরিমাণ কাগজ লাগবে? ৪

৭। নিচের চিত্রটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও।





ক) লেখচিত্রটির নাম লিখ। ১


খ) চিত্রে উল্লেখিত সংখ্যাগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে বিন্যস্ত করো এবং প্রচুরক নির্ণয় করো। ২

গ) উপাত্তগুলোর গড় নির্ণয় করো। ৪

৮। নিচের চিত্রটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




চিত্র: ১




চিত্র-২: একটি ঘরের মেঝে

চিত্র-২ এ, HG ও DC সমান্তরাল এবং
DE = CF = HE = FG = ৫ একক

ক) CDHG চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় করো। ৩

খ) চিত্র-১ এর টাইলসটির মূল্য ২০০ টাকা হলে ঘরের মেঝেটি টাইলস দিয়ে পূরণ করতে টাইলসের সংখ্যা ও খরচের পরিমাণ নির্ণয় করো। ৪

## চ) নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর

| ক- বিভাগ (নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর) | | | |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | উত্তর | ক্রমিক নম্বর | উত্তর |
| ১ | খ | ১৪ | গ |
| ২ | ক | ১৫ | ক |
| ৩ | গ | ১৬ | ১০ : ৯ |
| ৪ | খ | ১৭ | ১৮ ইঞ্চি |
| ৫ | ঘ | ১৮ | নয়গুণ |
| ৬ | গ | ১৯ | $x + y - 3z$ |
| ৭ | ক | ২০ | 3টি |
| ৮ | ক | ২১ | $x = 6$ |
| ৯ | গ | ২২ | $35^\circ$ |
| ১০ | ঘ | ২৩ | ৬টি |
| ১১ | খ | ২৪ | গণসংখ্যা |
| ১২ | ঘ | ২৫ | প্রচুরক |
| ১৩ | গ | | |

## ছ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স

| **খ- বিভাগ** | | |
|---|---|---|
| ১। (ছ) দুইটি ক্রমিক পূর্ণসংখ্যার যোগফল 45। ছোট সংখ্যাটি $y$ হলে, প্রদত্ত তথ্যকে সমীকরণের মাধ্যমে প্রকাশ করো। | | |
| **সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স** | | |
| **প্রশ্ন নং** | **নম্বর** | **নম্বর প্রদান নির্দেশিকা** |
| ১। (ছ) | ২ | প্রদত্ত তথ্যকে সমীকরণের মাধ্যমে প্রকাশ করতে পারলে |
| | ১ | দুইটি ক্রমিক পূর্ণসংখ্যাকে $y$ এর মাধ্যমে প্রকাশ করতে পারলে |

## জ) দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স

| খ- বিভাগ |
|---|
| ৩। একজন ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{1}{4}$ অংশ নিজের জন্য এবং $\frac{1}{8}$ অংশ তার স্ত্রীর জন্য রেখে অবশিষ্ট অংশ দুই সন্তানের মধ্যে সমানভাবে ভাগ করে দিলেন। উক্ত ব্যক্তি এবং তার স্ত্রীর সম্পত্তির মোট মূল্য 6,00,000 টাকা।<br><br>ক) প্রত্যেক সন্তান সম্পত্তির কত অংশ পেল? ৩<br>খ) উক্ত ব্যক্তির স্ত্রী ও এক সন্তানের প্রাপ্ত সম্পত্তির মুল্যের পার্থক্য কত টাকা হবে তা নির্ণয় করো। ৪ |

**দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স**

| প্রশ্ন নং | নম্বর | শিক্ষার্থী যা পারবে |
|---|---|---|
| ৩(ক) | ৩ | প্রত্যেক সন্তানের সম্পত্তির অংশ নির্ণয় করতে পারলে |
| | ২ | ঐ ব্যক্তির দুই সন্তানের মোট অংশ নির্ণয় করতে পারলে |
| | ১ | ঐ ব্যক্তি ও তার স্ত্রীর মোট অংশ নির্ণয় করতে পারলে |
| | | |
| ৩(খ) | ৪ | স্ত্রী ও এক সন্তানের প্রাপ্ত সম্পত্তির মুল্যের পার্থক্য নির্ণয় করতে পারলে |
| | ৩ | স্ত্রীর প্রাপ্ত সম্পত্তির মূল্য নির্ণয় করতে পারলে |
| | ২ | সম্পত্তির মোট মূল্য নির্ণয় করতে পারলে |
| | ১ | ঐ ব্যক্তি ও তার স্ত্রীর মোট অংশের মূল্য নির্ণয় করতে পারলে |

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: বিজ্ঞান

## শ্রেণি : ষষ্ঠ

**ক. প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা**

- শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের সমন্বয়ে শিক্ষার্থীর বার্ষিক মূল্যায়ন করা হবে।
- বার্ষিক মূল্যায়ন ১০০ নম্বরের মধ্যে করা হবে । এক্ষেত্রে শিখনকালীনের জন্য ৩০% ও সামষ্টিকের জন্য ৭০% নম্বর বরাদ্দ থাকবে।
- বার্ষিক সামষ্টিক মূল্যায়নের জন্য ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ষষ্ঠ শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়নের সিলেবাসে সাতটি অভিজ্ঞতা রাখা হয়েছে। এই অভিজ্ঞতা সংশ্লিষ্ট বিষয়বস্তু অনুসন্ধানী পাঠের বিভিন্ন অধ্যায়ে অন্তর্ভুক্ত থাকবে।
- বার্ষিক মূল্যায়নের জন্য প্রদত্ত সিলেবাস অনুযায়ী প্রশ্ন করতে হবে।
- প্রদত্ত সিলেবাসের সকল অভিজ্ঞতা থেকেই প্রশ্ন করতে হবে।
- প্রশ্ন প্রণয়নে পরীক্ষার নির্ধারিত সময় বিবেচনায় রাখতে হবে যেন শিক্ষার্থীরা সময়ের মধ্যে প্রশ্নগুলোর উত্তর সম্পন্ন করতে পারে।
- প্রশ্ন প্রণয়নের সময় সম্ভাব্য উত্তরের কাঠামো বিবেচনায় নিয়ে যৌক্তিক নম্বর বণ্টন করতে হবে এবং রুব্রিক্স তৈরি করে নিতে হবে।

(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | সংশ্লিষ্ট বিষয়বস্তু (অনুসন্ধানী পাঠ) |
|---|---|---|
| ১ | আকাশ কত বড় | অধ্যায় ২: পৃথিবী ও মহাবিশ্ব (পৃষ্ঠা: ১৫-২৬) |
| ২ | আমাদের জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি | অধ্যায় ১: বিজ্ঞান ও প্রযুক্তি (পৃষ্ঠা: ১-১৪) |
| ৩ | গতির খেলা | অধ্যায় ৩: গতি (পৃষ্ঠা: ২৭-৩৩)<br>অধ্যায় ৯: বল ও শক্তি (পৃষ্ঠা: ৮৯-৯২, ৯৭-১০০) |
| ৪ | রোদ, জল, বৃষ্টি | অধ্যায় ৭: আবহাওয়া ও জলবায়ু (পৃষ্ঠা: ৬৬-৭৭) |
| ৫ | রান্নাঘরেই ল্যাবরেটরি | অধ্যায় ৪: পদার্থ ও তার বৈশিষ্ট্য (পৃষ্ঠা: ৩৫-৩৮, ৪১-৪২ )<br>অধ্যায় ৪: পদার্থের বৈশিষ্ট্য এবং এর বাহ্যিক প্রভাব (পৃষ্ঠা: ৭৯-৮৭) |
| ৬ | আমাদের যারা প্রতিবেশী | অধ্যায় ৬: উদ্ভিদ, প্রাণী ও অনুজীব (পৃষ্ঠা: ৫৪-৬৫) |
| ৭ | নানা কাজের কাজি | অধ্যায় ৯: বল ও শক্তি (পৃষ্ঠা: ৯২-৯৬) |

(গ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## (ঘ) শিখনকালীন মূল্যায়ন : প্রশ্নের ধারা, মানবণ্টন ও নির্দেশনা

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর | শিখনকালীন মূল্যায়ন পরিচালনা সম্পর্কিত নির্দেশনা |
|---|---|---|
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন)<br>নমুনা: পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ছক পূরণ<br>• খাবার প্রক্রিয়াকরণের আগে ও পরের পরিবর্তন পর্যবেক্ষণ (অনুশীলন পাঠের ৫৯ পৃষ্ঠার ছক)<br>• ধাতুর ভৌত বৈশিষ্ট্য পর্যবেক্ষণ (অনুশীলন পাঠের ৬৪-৬৫ পৃষ্ঠার ছক) | ১০ | ✓ শ্রেণি ও শ্রেণির বাইরে শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে। ধারাবাহিক মুল্যায়নের বিভিন্ন আইটেমকে ৩টি গ্রুপে ভাগ করে মূল্যায়ন করতে হবে<br>✓ প্রতিটি গ্রুপের বিভিন্ন কাজ বিবেচনায় নিয়ে ১০ নম্বর করে মোট ৩০ নম্বরের শিখনকালীন মূল্যায়ন করতে হবে।<br>✓ টিজির নির্দেশনা অনুসরণ করেই শিখনকালীন মূল্যায়ন পরিচালনা করতে হবে। শিক্ষার্থীর কাজগুলোর প্রয়োজনীয় রেকর্ড রাখতে হবে, সেই কাজের ভিত্তিতে শিখনকালীন মূল্যায়নের জন্য নম্বর প্রদান করতে হবে<br>✓ প্রতিটি কাজের মূল্যায়নের জন্য রুব্রিক তৈরি করে নিতে হবে ও যৌক্তিকভাবে নম্বর বণ্টন করতে হবে (এক্ষেত্রে টিজিতে মূল্যায়ন সম্পর্কিত ধারণা পাওয়া যাবে) |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন<br>নমুনা: অনুসন্ধানমূলক কাজ<br>• যেকোনো একটি জীব (উদ্ভিদ, প্রাণী ) সম্পর্কে শিক্ষার্থীর তথ্য ও সংগৃহীত তথ্য উপস্থাপন<br>( অনুশীলন পাঠের ৭৭-৮০ পৃষ্ঠার ছক) | ১০ | |
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ )-<br>নমুনা: ব্যাবহারিক<br>• বিদ্যুৎ পরিবাহিতা পর্যবেক্ষণ (অনুশীলন পাঠের ৬৯-৭০পৃষ্ঠার পরীক্ষণ)<br>• ধাতু ও অধাতুর বৈশিষ্ট্য পর্যবেক্ষণ (অনুশীলন পাঠের ৭১ পৃষ্ঠার ছক) | ১০ | |
| মোট | ৩০ | |

## (ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| বিভাগ | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতিটি পশ্নের মান | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ক | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১ | ১×১০=১০ | |
| খ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২ | ২×১০=২০ | |
| গ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫ | ৫×৩=১৫ | |
| ঘ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮ | ৮×৫=৪০ | |
| | | | | মোট | | ১০০ | |

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।**

## শ্রেণি: ৬ষ্ঠ

## বিষয়: বিজ্ঞান

**পুর্ণমান: ১০০ , সময়: ৩ ঘণ্টা**

### ক বিভাগ- (নৈর্ব্যক্তিক প্রশ্ন)

(নিচের প্রশ্নগুলোর উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ১)

বহুনির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লেখো)

১। কোন উদ্ভিদটি গুল্ম জাতীয়?

ক) কামিনী খ) শাল গ) আম ঘ) চালতা

২। ব্যাটারিতে শক্তি কী হিসেবে জমা থাকে?

ক) রাসায়নিক শক্তি খ) তড়িৎ শক্তি গ) চুম্বক শক্তি ঘ) নিউক্লিয়ার শক্তি


৩। বৃষ্টি পরিমাপক যন্ত্র কোনটি?

ক) উইন্ডভেন খ) হাইড্রোমিটার গ) রেইন গজ ঘ) প্রেসার গজ

৪। কোনটি মৌলিক একক নয়?

ক) মিটার খ) বর্গমিটার গ) কেজি ঘ) কেলভিন

৫।



উপরের চিত্রটি কোন নক্ষত্র মণ্ডলীর?

ক) উরসা মেজর খ) বৃশ্চিক গ) অরায়ন ঘ) ভাল্লুক

৬। কোনটি বিদ্যুৎ অপরিবাহী পদার্থ?

ক) সোনা খ) তামা গ) ফসফরাস ঘ) অ্যালুমিনিয়াম

৭। কোনটি ছত্রাকে অনুপস্থিত?

ক) হাইফি খ) রাইজয়েড গ) ক্লোরোফিল ঘ) স্পোর

৮। কুয়া থেকে পানি তুলতে কোন ধরনের সরলযন্ত্র সবচেয়ে উপযোগী?

ক) কপিকল খ) হেলানো তল গ) লিভার ঘ) চাকা এবং অক্ষ

তথ্যের আলোকে নিচের ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও।

তামা, অ্যালুমিনিয়াম, রূপা ও কাঠের তৈরি একই আকৃতির চারটি চামচ নেয়া হলো । প্রতিটি চামচের হাতলের প্রান্তে সাথে মোম দিয়ে একটি করে দেয়াশেলাই কাঠি আটকে দেয়া হলো । চামচগুলো একটি পানির পাত্রে এমনভাবে রাখা হলো যেন কাঠি লাগানো প্রান্তটি উপরের দিকে থাকে এবং পানি থেকে উচুতে থাকে । এরপর পানির পাত্রে তাপ দেওয়া শুরু করা হলো।

৯। কোন পদার্থের তৈরি চামচ থেকে কাঠি সবচেয়ে আগে খুলে পড়বে?

ক) অ্যালুমিনিয়াম খ) তামা গ) রূপা ঘ) কাঠ

১০। কাঠিটি খুলে পড়ার সময় চামচের তাপমাত্রা কত হবে?

ক) ৩২$^0$ c　　খ) ৫৭$^0$ c　　গ) ৮৪$^0$ c　　ঘ) ১০০$^0$ c

১১। একটি 2 কেজি ভরের একটি বস্তু 3 মি/সে বেগে গতিশীল হলে বস্তুটির গতিশক্তি কত?

ক) 3 জুল　　খ) 5 জুল　　গ) 6 জুল　　ঘ) 9 জুল

১২। একটি গাড়ি 1 মিনিটে 600 মিটার দূরত্ব অতিক্রম করলে তার বেগ কত?

ক) 600 মিটার/সেকেন্ড　　খ) 10 মিটার/সেকেন্ড　　গ) 3600 মিটার/সেকেন্ড　ঘ) 601 মিটার/সেকেন্ড

১৩। আমাদের সৌরজগতের কোন গ্রহটি নবম গ্রহ হিসেবে বিবেচিত ছিলো কিন্তু এখন নেই

ক) মঙ্গল　　খ) নেপচুন　　গ) ইউরেনাস　　ঘ) প্লুটো

১৪। কোনটি দ্বিবর্ষী উদ্ভিদ?

ক) মটর　　খ) ছোলা　　গ) কলা　　ঘ) গাজর

১৫। কোন ধাতুটি কক্ষ তাপমাত্রায় তরল থাকে ?

ক) সোডিয়াম　　খ) পটাশিয়াম　　গ) পারদ　　ঘ) রূপা

**এক কথায় উত্তর**

১৬। স্বর্ণলতা কোন ধরনের উদ্ভিদ?

১৭। সৌরজগতের মোট ভরের কত শতাংশ ভর সুর্যের?

১৮। ওজোনস্তর ক্ষয়ের ফলে মানুষের চোখে কোন রোগ হয়?

১৯। বাতাসের গড় বায়ুচাপ কত?

২০। পৃথিবীকে একবার ঘুরে আসতে চাঁদের কত দিন সময় লাগে?

২১। ফল পঁচে যাওয়া কোন ধরনের পরিবর্তন?

২২। বরফের ঘনত্ব কত?

২৩। মহাকাশে গ্রহ, নক্ষত্র ও গ্যালাক্সি পরস্পরকে যে বলে আকর্ষণ করে তাকে কী বলে?

২৪। প্রতি সেকেন্ডে এক জুল শক্তি ব্যয় হলে তাকে কী বলে?

২৫। বাতাসের আর্দ্রতা পরিমাপক যন্ত্রের নাম কী?

## খ- বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

(নিচের প্রশ্নগুলোর উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ২)

১। যে সকল উদ্ভিদের বীজ তৈরি হয় না সেসকল উদ্ভিদের বংশবৃদ্ধি পদ্ধতি লেখো।

২। গ্রীষ্মকালে তাপমাত্রা পরিবর্তনের যেকোনো ২টি কারণ লেখো।

৩। মিথেন গ্যাস বৃদ্ধির দুইটি কারণ লেখো।

৪। এক কেজি পানির আয়তন বের করো।

৫। পর্যাবৃত্ত গতির বৈশিষ্ট্য লেখো।

৬। কোনো বস্তু পানিতে ডুববে নাকি ভাসবে তা কিসের উপর নির্ভর করে? তোমার যুক্তি দাও।

৭। ঘর্ষণ কমানোর ২টি পদ্ধতি উল্লেখ করো।

৮। প্রেসার কুকারে রান্না করা সহজ কেন?

৯। বাতাসের নিম্নচাপ ঝড়বৃষ্টির সম্ভাবনাকে নির্দেশ করে- কেন? ব্যাখ্যা দাও।

১০। তুমি কি তোমার আয়তন মাপতে পারবে? কীভাবে?

## গ- বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

(৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৫)

১। একটি উদাহরণের মাধ্যমে বৈজ্ঞানিক অনুসন্ধান পদ্ধতির ধাপগুলো আলোচনা করো।

২। ধাতু ও অধাতুর ভৌতধর্ম উল্লেখ করো। অ্যালুমিনিয়াম কোন ধরনের পদার্থ তা কীভাবে পরীক্ষা করা যায় ? বর্ণনা করো। **(২+৩)**

৩।

| পদার্থের নাম | পদার্থের অবস্থা | ভর (গ্রাম) | আয়তন (সেমি$^৩$) | ঘনত্ব (গ্রাম/সেমি$^৩$) |
|---|---|---|---|---|
| ঘনকাকৃতির লোহার খণ্ড | | | $১^৩$ | ৭.৮ |
| কাঁচের তৈরি পেপার ওয়েট | | | ৮ | ২.৬ |
| পারদ | | ২০০০ | ১৪৭.০৫ | |

ক) ছকের কিছু তথ্য দেয়া আছে। বাকী তথ্য পূরণ করতে হবে। (৩+২)

খ) ছকের কোনো পদার্থ কি পানি ভাসবে? যুক্তিসহ লেখো

৪। ব্যাকটেরিয়ার ছবি এঁকে এর বিভিন্ন অংশ চিহ্নিত করো।

৫। সরল যন্ত্র বলতে কী বোঝায়? সরল যন্ত্র হিসেবে 'চাকা এবং অক্ষের' যান্ত্রিক সুবিধা আলোচনা করো। (১+৪)

## ঘ- বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

(৭টি প্রশ্ন থেকে ৫টির উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৮)

১। নাজ গ্রীষ্মের ছুটিতে নানু বাড়ি দিনাজপুরে বেড়াতে গেলো। নানুবাড়ির বিভিন্ন গাছ থেকে ফল পারার সময় নাজ গাছের ডালে একটি অপরিচিত পাখি দেখতে পেলো। নানু নাজকে বললো আগে কিছু পাখি এখানে দেখা যেতো যেগুলো এখন দেখা যায় না। এগুলো বিলুপ্ত। আর কিছু পাখি একেবারেই কম দেখা যায়।


ক) নাজের নানুর না দেখতে পাওয়া পাখিগুলোর বিলুপ্তির কারণগুলো ব্যাখ্যা করো। (৪+৪)

খ) যে পাখিগুলো কম দেখতে পাওয়া যায় তাদেরকে বিলুপ্তির হাত থেকে বাঁচাতে তোমার কর্ম পরিকল্পনাগুলো উল্লেখ করো।

২।




চিত্র ‘ক’



চিত্র ‘খ’

ক) দুটি চিত্রের পার্থক্য করো। (৪+৪)

খ) প্রথম চিত্রের মডেল থেকে দ্বিতীয় চিত্রের মডেলের ধারণায় বিবর্তনের পক্ষে যুক্তি কী কী?

৩। পশ্চিম ইউরোপ, দক্ষিণ পূর্ব কানাডা, উত্তর পূর্ব আমেরিকায় এসিড বৃষ্টি হয়েছে। এসকল অঞ্চলের মধ্যে কানাডায় ঘন ঘন এসিড বৃষ্টি হয়। এসিড বৃষ্টির জন্য মানুষ এবং প্রাকৃতিক ঘটনা দায়ী।

ক) এসিড বৃষ্টির জন্য মানবসৃষ্ট ও প্রাকৃতিক কোন কোন ঘটনা দায়ী? (৩+৫)

খ) বাংলাদেশে এসিড বৃষ্টির সম্ভাবনা থাকলে সেটি প্রতিরোধে কী কী পরামর্শ তুমি দিতে চাও বর্ণনা করো।

৪।

| স্কেলের নাম | পানি ফুটে বাস্প হওয়ার তাপমাত্রা | পানি বরফ হওয়ার তাপমাত্রা |
|---|---|---|
| সেলসিয়াস স্কেল | ১০০ | ০ |
| ফারেনহাইট স্কেল | ২১২ | ৩২ |
| কেলভিন স্কেল | ৩৭৩ | ২৭৩ |

ক) ছকের তথ্যের সাহায্যে স্কেলগুলোর মধ্যে একটি সম্পর্ক স্থাপন করে দেখাও। (৪+৪)

খ) আমাদের শরীরের স্বাভাবিক তাপমাত্রাকে ফারেনহাইট ও কেলভিন স্কেলে প্রকাশ করে দেখাও ।

৫। মিনার ছোট বোন দোলনায় ঘুমিয়ে আছে। বোন জেগে গেলে মিনা দোলনাটি হালকা করে দুলিয়ে দিলো। বিদ্যুৎ চলে গেলে মাথার উপর ফ্যানটিও আস্তে আস্তে থেমে গেলো। ছোট বোন নড়াচড়া করলে মিনা দোলনাটি একটু দুলিয়ে দিলো। মিনার মনে হল, সে গতকাল বল দড়িতে বেঁধে ক্রিকেটের ব্যাটিং অনুশীলন করেছিলো এবং সে স্কুলে দৌড় ও দড়িলাফের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলো। দৌড় প্রতিযোগিতায় সে প্রথম হয়েছিলো। এই খেলাগুলোর মধ্যে ফ্যানের ঘূর্ণন এবং দোলনার দুলুনির সাথে কোথায় যেনো মিল আছে।

ক) দৃশ্যপটের গতিগুলোকে চিহ্নিত করো ও উত্তরের সপক্ষে তথ্য দাও। (৪+৪)

খ) একই সঙ্গে সকলে দৌড় প্রতিযোগিতা শুরু করলেও কেনো মিনা প্রথম হলো? মাঝপথে থেমে গেলেই বা কী ঘটত?- গতির সাথে বলের সম্পর্কের ভিত্তিতে ব্যাখ্যা করো।

৬। ..............

৭। ..............

## (ছ) নমুনা উত্তর

### নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

| প্রশ্নের ক্রম | সঠিক উত্তর | প্রশ্নের ক্রম | সঠিক উত্তর | প্রশ্নের ক্রম | সঠিক উত্তর |
|---|---|---|---|---|---|
| ১ | ক) কামিনী | ৬ | গ) ফসফরাস | ১১ | ঘ) 9 জুল |
| ২ | ক) রাসায়নিক শক্তি | ৭ | গ) ক্লোরোফিল | ১২ | খ) 10 মিটার/সেকেন্ড |
| ৩ | গ) রেইন গজ | ৮ | ক) কপিকল | ১৩ | ঘ) প্লুটো |
| ৪ | খ) বর্গমিটার | ৯ | গ) রূপা | ১৪ | ঘ) গাজর |
| ৫ | ক) উরসা মেজর | ১০ | খ) ৫৭$^{0}$ c | ১৫ | গ) পারদ |

এক কথায় উত্তর

| প্রশ্নের ক্রম | উত্তর | প্রশ্নের ক্রম | উত্তর |
|---|---|---|---|
| ১৬ | পরভোজী উদ্ভিদ | ২১ | রাসসায়নিক পরিবর্তন |
| ১৭ | ৯৯.৬৬ শতাংশ | ২২ | ০.৯২ গ্রাম/সেমি$^{৩}$ |
| ১৮ | চোখের ক্যান্সার | ২৩ | মহাকর্ষ |
| ১৯ | ১০১৩ মিলিবার | ২৪ | ওয়াট |
| ২০ | ২৯.৫ দিন | ২৫ | ব্যারোমিটার |

## (জ) মূল্যায়ন রুব্রিক্স

### রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) থেকে একটি প্রশ্নের রুব্রিক্স

৫। মিনার ছোট বোন দোলনায় ঘুমিয়ে আছে। বোন জেগে গেলে মিনা দোলনাটি হালকা করে দুলিয়ে দিলো। বিদ্যুৎ চলে গেলে মাথার উপর ফ্যানটিও আস্তে আস্তে থেমে গেলো। ছোট বোন নড়াচড়া করলে মিনা দোলনাটি একটু দুলিয়ে দিলো। মিনার মনে হল, সে গতকাল বল দড়িতে বেঁধে ক্রিকেটের ব্যাটিং অনুশীলন করেছিলো এবং সে স্কুলে দৌড় ও দড়িলাফের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলো। দৌড় প্রতিযোগিতায় সে প্রথম হয়েছিলো। এই খেলাগুলোর মধ্যে ফ্যানের ঘূর্ণন এবং দোলনার দুলুনির সাথে কোথায় যেনো মিল আছে।

ক) দৃশ্যপটের গতিগুলোকে চিহ্নিত করো ও উত্তরের সপক্ষে তথ্য দাও। (৪)

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ক) দৃশ্যপটের গতিগুলোকে চিহ্নিত করো ও উত্তরের সপক্ষে তথ্য দাও। | সবগুলো গতি সঠিকভাবে চিহ্নিত করে অধিকাংশ বা সবগুলোর বৈশিষ্ট্য সঠিকভাবে উল্লেখ করলে | ৪ |
| | সবগুলো গতি সঠিকভাবে চিহ্নিত করে একটি বা দুটির ব্যাখ্যা বা বৈশিষ্ট্য উল্লেখ করলে | ৩ |
| | সবগুলো গতি সঠিকভাবে চিহ্নিত করলে | ২ |
| | পর্যায়বৃত্ত গতি, বক্র গতি, ঘূর্ণন গতি, সরল গতির একটি বা দুইটি গতি সঠিভাবে চিহ্নিত করলে | ১ |
| | অপ্রাসঙ্গিক কোনো তথ্য প্রদান করলে | ০ |

খ) একই সঙ্গে সকলে দৌড় প্রতিযোগিতা শুরু করলেও কেনো মিনা প্রথম হলো? মাঝপথে থেমে গেলেই বা কী ঘটত?- গতির সাথে বলের সম্পর্কের ভিত্তিতে ব্যাখ্যা করো।

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| খ) একই সঙ্গে সকলে দৌড় প্রতিযোগিতা শুরু করলেও কেনো মিনা প্রথম হলো? মাঝপথে থেমে গেলেই বা কী ঘটত?- গতির সাথে বলের সম্পর্কের ভিত্তিতে ব্যাখ্যা করো। | বল প্রয়োগে বস্তুর গতিশীল হওয়া, বস্তুর ত্বরন হওয়া ছাড়াও বেগ হ্রাস করার ধারণা প্রকাশ করলে | ৪ |
| | বল প্রয়োগে বস্তুর বেগ বৃদ্ধির ধারণা প্রকাশ করলে | ৩ |
| | বল প্রয়োগে বস্তুর বেগের পরিবর্তনের ধারনা লিখলে | ২ |
| | বেগের ধারণা লিখলে | ১ |
| | অপ্রাসঙ্গিক কোনো তথ্য | ০ |

# স্বাস্থ্য সুরক্ষা

## বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা’২০২৪

## ষষ্ঠ শ্রেণি

# বিষয়ভিত্তিক বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪
## স্বাস্থ্য সুরক্ষা
## শ্রেণি:ষষ্ঠ

**ক. শিক্ষকদের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা**

- ষষ্ঠ শ্রেণির সিলেবাসে মোট ৬টি অভিজ্ঞতা থেকে ৫টি অভিজ্ঞতা রাখা হয়েছে।
- বার্ষিক পরীক্ষায় এই ৫টি অভিজ্ঞতা থেকে প্রশ্ন করতে হবে
- শিখনকালীন মূল্যায়নে কাজের বিবরণে উদাহরণ হিসেবে শুধু ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সে সবগুলো কাজই সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- খেলাধুলা ও শরীর চর্চার ক্ষেত্রে শেষ পিরিয়ডে নিতে হবে এবং এটি শিখনকালীন মূল্যায়নে ব্যবহারিক কাজে যুক্ত হবে

**খ. বার্ষিক পরীক্ষার সিলেবাস/পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | ১ম | সুস্থ থাকি, আনন্দে থাকি, নিরাপদ থাকি | ১-৪০ |
| ২. | ২য় | আমার কৈশোরের যত্ন | ৪১-৫৫ |
| ৩. | ৩য় | চলো বন্ধু হই | ৫৬-৭১ |
| ৪. | ৪র্থ | চলো নিজেকে আবিষ্কার করি | ৭২-৮৮ |
| ৫. | ৫ম | অনুভূতি ও প্রয়োজনের কথা বলি | ৮৯-১১৯ |
| | | | |

## গ. মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**ঘ. শিখনকালীন মূল্যায়ন: কাজের বিবরণ ও নম্বরবন্টন**

**কাজের বিবরণে উদাহরণ হিসেবে শুধু ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সেগুলো সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।**

| আইটেমের নাম | কাজের বিবরণ | পৃষ্ঠা নম্বর ও অভিজ্ঞতার নাম | নির্ধারিত নম্বর |
|---|---|---|---|
| শ্রেণির কাজ: পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, | অনুভূতি ও প্রয়োজনের কথা প্রকাশের কৌশল ছক পূরণ | পৃষ্ঠা-১০৯<br>( অনুভূতি ও প্রয়োজনের কথা বলি,) | ১৫ |
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ | ঘুরে আসি ফুলের বাগানে | পৃষ্ঠা-৭৪<br>( চলো নিজেকে আবিষ্কার করি) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/ প্রতিবেদন উপস্থাপন | বন্ধু মেলার আয়োজন | পৃষ্ঠা-৬৬<br>(চলো বন্ধু হই) | ৫ |
| **মোট** | | | **৩০** |

**ঙ. সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| আইটেমের নাম | বিবরণ | মোট প্রশ্ন সংখ্যা | যে কটি প্রশ্নের উত্তর দিতে হবে | নম্বর বিভাজন | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ, বহুপদী সমাপ্তিসূচক, অভিন্ন তথ্যভিত্তিক) | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ২৫ | ৩ ঘন্টা |
| | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | | |
| সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | ২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | ১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি দৃশ্যপট থেকে ২টি প্রশ্ন থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | ৪০ | |
| **মোট** | | | | | **১০০** | **৩ ঘন্টা** |

*** ১০০ নম্বরের মধ্যে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।**

**চ. প্রশ্নের ধারা ও মানবন্টন অনুযায়ী একটি নমুনা প্রশ্নপত্র অপর পৃষ্ঠায় দেওয়া হলো :**

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# স্বাস্থ্য সুরক্ষা

**ষষ্ঠ শ্রেণি**

**পূর্ণমান-১০০**

**সময়-৩ ঘন্টা**

**ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন**

**বহুনির্বাচনি প্রশ্ন:** **(১×১৫=১৫)**

১. নিচের কোনটি আমাদের খাদ্য হজমে সহায়তা করে?

ক. ফাইবার
খ. খনিজ লবণ
গ. প্রোটিন
ঘ. কার্বোহাইড্রেট

২. জাম্পিং জ্যাকের উপকারিতা কোনটি?

ক. পেটের মাংসপেশির শক্তি বাড়ে
খ. পায়ের শক্তি বৃদ্ধি পায়
গ. শরীরের মেদ/চর্বি কমে
ঘ. হিপের শক্তি বৃদ্ধি পায়

৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর মতে, কত বছর পর্যন্ত বয়সকালকে বয়ঃসন্ধিকাল হিসেবে গণ্য করা হয়?

ক. ৮ থেকে ১৩
খ. ১০ থেকে ১৫
গ. ১০ থেকে ১৯
ঘ. ১০ থেকে ২১

৪. মানুষের অবসন্নতা সৃষ্টির জন্য দায়ী কোনটি?

ক. বায়ুদূষণ
খ. মাটি দূষণ
গ. শব্দ দূষণ
ঘ. পানি দূষণ

৫. নিচের কোনটি আমাদের কাজ করার শক্তি যোগায়?

ক. পানি
খ. মাছ

গ. লাল শাক

ঘ. আলু

৬. নিচের কোনটি ইনডোর গেম?

ক. কাবাডি

খ. ক্রিকেট

গ. ক্যারাম

ঘ. ফুটবল

৭. ডায়াবেটিস রোগ প্রতিরোধের উপায় কোনটি?

ক. অধিক পরিমাণে শারীরিক পরিশ্রম

খ. অতিরিক্ত চর্বিযুক্ত খাবার গ্রহণ

গ. বেশি পরিমাণে শর্করা জাতীয় খাদ্য গ্রহণ

ঘ. প্রতিদিন কমপক্ষে ১ ঘন্টা শরীরচর্চা করা

৮. অনিরাপদ স্পর্শ আমার-

i শরীর ও মনকে কষ্ট দেয়

ii ব্যক্তিগত সীমানার বাবল ফুটিয়ে দেয়

iii অস্বস্তিকর অনুভূতির সৃষ্টি করে

**নিচের কোনটি সঠিক ?**

ক. i ও ii

খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

৯. নিচের কোন ব্যায়ামটি হিপের শক্তি বৃদ্ধি করে?

ক. স্ট্যান্ডিং লান্জেস

খ. সিট আপস

গ. জাম্পিং জ্যাক

ঘ. টাইসেপস ডিপস

১০. নিচের কোনটি বাহ্যিক বা শারীরিক বৈশিষ্ট্য?

ক. চিন্তাশীলতা

খ. দয়া

গ. উচ্চতা

ঘ. ভদ্রতা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও:

রাজিব এবং মেহরিমা ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সময়ের সাথে সাথে তাদের শরীরে কিছু পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। রাজিবের কন্ঠস্বরে পরিবর্তন এসেছে এবং শারীরিক গঠনও দৃঢ় হচ্ছে। মেহরিমার মন মেজাজ একদিন ভালো তো পরের দিন খুব খারাপ থাকে।

১১. রাজিবের শারীরিক পরিবর্তনের কারণ হতে পারে?

ক. গলায় টনসিল
খ. বয়ঃসন্ধিকাল
গ. শরীরচর্চা করায়
ঘ. স্বাস্থ্যবিধি না মেনে চলা

১২. মেহরিমা যে সময়কালে পা দিয়েছে, এসময়ে-

ক. কোনো কাজ করা যাবে না
খ. গোসল করা যাবে না
গ. মাছ, মাংস, ডিম খাওয়া নিষেধ
ঘ. নিয়মিত পুষ্টিকর খাবার খাওয়া প্রয়োজন

১৩. নিচের কোনটি আমাদের মূল অনুভূতি?

ক. ধৈর্য
খ. আনন্দ
গ. ভালোবাসা
ঘ. আত্মবিশ্বাস

১৪. নিচের কোনটি শরীরে অক্সিজেন পরিবহনে সহায়তা করে?

ক. ভিটামিন
খ. পানি
গ. স্নেহ
ঘ. আমিষ

১৫. কাবাডি খেলায় দলে কতজন খেলোয়াড় থাকে?

ক. ২ জন
খ. ৪ জন
গ. ৭ জন
ঘ. ১১ জন

**এক কথায় উত্তর দাও:** **(১×১০=১০)**

১. বয়ঃসন্ধিকালে অপুষ্টিতে ভুগলে বিশেষ করে কোন ধরনের খাদ্য খেতে হবে?

২. একটি পতঙ্গবাহিত সংক্রামক রোগের নাম লিখ।

৩. ক্রিকেট খেলায় প্রতি দলে খেলোয়াড় সংখ্যা কত?

৪. পশুপাখির সাথে আমাদের আচরণ কেমন হওয়া উচিত?

৫. প্যারালাইসিস কোন ধরনের রোগ?

৬. আমলকিতে কোন ভিটামিন আছে?

৭. অধিক গতিতে স্বল্প দূরত্বের দৌড়কে কী বলে?

৮. সাহায্যের জন্য শিশু সুরক্ষা বিষয়ক নম্বরটি কত?

৯. লম্বা দম নিলে মনকে কী রাখা যায়?

১০. কোনটির অভাবে আমরা অন্যদের অনুভূতি ও প্রয়োজন বুঝতে পারি না?

**খ. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:** **(২×১০=২০)**

১. ব্যক্তিগত সীমানার বাবল বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো।

২. স্বাস্থ্য সুরক্ষায় ডিমের কুসুমের উপকারিতা ব্যাখ্যা করো।

৩. আমাদের জীবনে মূল অনুভূতিগুলো কী কী? লিখ।

৪. বন্ধুমেলা উৎসব প্রিয় বন্ধু তৈরিতে কীভাবে ভূমিকা রাখে?

৫. বায়ু দূষণের ফলে কী ধরনের শারীরিক সমস্যা সৃষ্টি হয়?

৬. ক্লাস ক্যাপ্টেনের কোন কোন বৈশিষ্ট্য থাকা প্রয়োজন?

৭. বন্ধু হওয়ার শেষ ধাপটি ব্যাখ্যা করো।

৮. মাটি দূষণের প্রভাব ব্যাখ্যা করো?

৯. অনুভূতি ও প্রয়োজনের কথা প্রকাশে খেয়াল রাখতে হয় এমন একটি বিষয় ব্যাখ্যা করো।

১০. বয়ঃসন্ধিকালীন যে কোনো দুটি মানসিক পরিবর্তন ব্যাখ্যা করো।

**গ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন):** (৫×৩=১৫)

১. ওয়ার্ম আপ কী? খেলাধূলায় আঘাত বা দূর্ঘটনা এড়াতে করণীয় ব্যাখ্যা করো।

২. ডেঙ্গু রোগটি কীভাবে ছড়ায়? ডেঙ্গু রোগটি আমরা কীভাবে প্রতিরোধ করতে পারি? বুঝিয়ে লিখ।

৩. ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা কী? এটি পালনের উপায়গুলো লিখ।

**গ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর ):** (৮×৫=৪০)

সোমা ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী। ইদানিং সে তার শরীর এবং মনে কিছু পরিবর্তন অনুভব করছে। কিছুটা লজ্জা এবং দ্বিধার কারণে সে তার অনুভূতি কারো সাথে শেয়ার করতে পারছে না। তাছাড়াও মা একটুখানি রাগ করলেও তার মন খারাপ হয়। অন্যদিকে সোমার সহপাঠী হিমু হঠাৎ করেই রেগে যায়। কখনো কখনো হিমুকে স্কুলের বাইরের কিছু ছেলের সাথে ঘোরাঘুরি করতে দেখা যায়। তাছাড়াও হিমু বন্ধুদের সাথে প্রায়ই খারাপ ব্যবহার করে।

১. ক. সোমা এবং হিমু তাদের জীবনের কোন সময়কাল অতিক্রম করছে?ব্যাখ্যা করো। ৩

খ. শরীর এবং মনের যত্নে সোমা ও হিমুর করণীয় কী হতে পারে? ব্যাখ্যা করো। ৫

রানাদের বাড়িটিতে নানারকম গাছপালার সমাহার ছিলো। ফলে এখানে বিভিন্নরকম পাখি এবং বন্যপ্রাণির আনাগোনা ছিলো। কিন্তু পাকা বাড়ি নির্মাণের জন্য রানার বাবা বাড়ির প্রায় সব গাছপালা কেটে পরিষ্কার করে ফেললেন।

২. ক. উল্লিখিত পরিবেশের উপাদানগুলোর প্রতি আমাদের আচরণ কেমন হওয়া উচিত-ব্যাখ্যা করো। ৩
খ. রানার বাবার কাজটি আমাদের প্রকৃতিতে কী প্রভাব ফেলবে? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৫



**১ম চিত্র**




**২য় চিত্র**

৩. ক. ১ম চিত্রের আয়োজনটি ব্যাখ্যা করো। ৩
খ. ২য় চিত্রে যে ধারণাটি ফুটে উঠেছে আমাদের জীবনে তার ভূমিকা ব্যাখ্যা করো। ৫

মীনা পড়াশোনায় খুব ভালো। তবে সে শ্রেণিতে চুপচাপ থাকতেই বেশি পছন্দ করে। তার তেমন বন্ধুও নাই। অন্যদিকে তার সহপাঠী রুনা খুবই চটপটে এবং হাসিখুশি। শ্রেণির সবার সাথে তার সম্পর্ক খুবই বন্ধুত্বসুলভ।

৪. ক. মীনার কোন কোন গুণাবলির চর্চা করা প্রয়োজন? ৩
খ. রুনার গুণাবলি কাজে লাগিয়ে কীভাবে আমাদের জীবনকে সুন্দর করতে পারি, ব্যাখ্যা করো। ৫



**১ম চিত্র**



**২য় চিত্র**

৫. ক. ১ম চিত্রের খাবারগুলোতে উপস্থিত খাদ্য উপাদানের কাজ ব্যাখ্যা করো। ৩
খ. বয়ঃসন্ধিকালে পুষ্টির চাহিদা পূরণে ১ম এবং ২য় চিত্রের খাদ্যগুলোর ভূমিকা বর্ণনা করো। ৫

# স্বাস্থ্য সুরক্ষা
# ষষ্ঠ শ্রেণি
# ছ. নমুনা উত্তর

## ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন

### বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:

| প্রশ্নের নম্বর | উত্তর | প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|---|---|
| ১. | ক | ৯. | ক |
| ২. | খ | ১০. | গ |
| ৩. | গ | ১১. | খ |
| ৪. | গ | ১২. | ঘ |
| ৫. | ঘ | ১৩. | খ |
| ৬. | গ | ১৪. | খ |
| ৭. | ঘ | ১৫. | গ |
| ৮. | ঘ | | |

### এক কথায় উত্তর:

| প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|
| ১. | কলিজা/কচু শাক  অথবা আয়রনসমৃদ্ধ যেকোনো একটি খাবারের সঠিক নাম লিখলে |
| ২. | ডেঙ্গু/চিকুনগুনিয়া/ম্যালেরিয়া অথবা যেকোনো একটি সঠিক পতঙ্গবাহিত সংক্রামক রোগের নাম লিখলে |
| ৩. | ১১ জন |
| ৪. | মানবিক |
| ৫. | প্যারালাইসিস/ক্যানসার অথবা যে কোনো একটি সঠিক অসংক্রামক রোগের নাম লিখলে |
| ৬. | ভিটামিন সি |
| ৭. | স্প্রিন্ট |
| ৮. | ১০৯৮ |
| ৯. | শান্ত |
| ১০. | সহমর্মিতা |